kiqx Bjg msµvš wKQ Ri¦ix ÁvZe¨ welq

(বাংলা-bengali–البنغالية)

Ave Awãj Bjvn Qv‡jn web gKwej Avj DQvqgx AvZ Zvgxgx

অনুবাদ : আখতারুল আমান বিন আব্দুস্ সালাম (মাদানী)

সম্পাদনা : ইকবাল হোছাইন মাছুম

1431هـ - 2010م

﴿ مقدمات في العلوم الشرعية ﴾

(باللغة البنغالية)

أبو عبد الإله صالح بن مقبل العصيمي التميمي

ترجمة : أختر الأمان بن عبد السلام المدني

مراجعة : إقبال حسين معصوم

2010 - 1431

kiC Bjg msµvš wKQ Ri/ix ÁvZe¨ welq

welq mPx

بسم الله الرحمن الرحيم

Abev`‡Ki fwgKvt

الحمد لله رب العالمين وصلى الله على نبينا محمد وعلى آله وصحبه أجمعين، ومن تبعهم بإحسان إلى يوم الدين، أما بعد:

আল্লাহ্ রাব্বুল আলামীনের হাজারো প্রশংসা ও শুকরিয়া জ্ঞাপন করছি,যিনি আমাকে তাওফীক এনায়াত করেছেন (مقدمات في العلوم الشرعية) তথা **'শরঈ ইলম সংক্রান্ত কিছু যরূরী জ্ঞাতব্য বিষয়'** শীর্ষক গুরুত্বপূর্ণ আরবী বইটির অনুবাদ করার। বইটি হাতে পড়ার সাথে সাথে বিষয়গুলোতে একটিবার চোখ বুলাতেই অনুমান করতে পারি বইটি বাংলাভাষীদের অত্যন্ত প্রয়োজন। কারণ বইটিতে সংক্ষেপে শরী'আত সংক্রান্ত যরূরী সব বিষয়ই সন্নিবেশিত হয়েছে যা সকল মুসলিম ব্যক্তির জন্য, বিশেষ করে দাঈ ও মুবাল্লিগদের জন্য অত্যন্ত যরূরী।

কুয়েতের জাহ্‌রা শাখার 'জমঈয়তু ইহয়াইৎ তুরাছ আল্ ইসলামী' এর প্রবাসী বিভাগের উপ প্রধান শাইখ আবু আব্দুর রহমান আজামী কুয়েতী-কে বইটির গুরুত্ব সম্পর্কে অবহিত করলে তিনি বলেনঃ এর সীমাহীন গুরুত্বের প্রতি খেয়াল করেই বইটির লেখক শাইখ আবু আব্দুল ইলাহ্, ছালেহ বিন মুক্ববিল আল্ উছাইমী আত্ তামীমী বাংলা ভাষায় তার অনুবাদের প্রতি আগ্রহ দেখিয়েছেন। এবং আমি তাকে এ মর্মে ইতিবাচক সাড়াও দিয়েছি।'

আমি তাদের এই সদিচ্ছার সাথে একমত হয়ে বইটির অনুবাদ কাজে কয়েক মাস পূর্বে হাত দিয়েছিলাম। মহান আল্লাহ্‌র অশেষ ফযল ও করমে আজ বইটির অনুবাদ সমাপ্ত হয়ে ছাপা খানায় যাওয়ার উপযোগী হয়ে উঠেছে। (আলহামদু লিল্লাহ্)।

এই বইটি দ্বারা পাঠক সমাজ সামান্য উপকৃত হলে মনে করব আমাদের শ্রম সার্থক হয়েছে। যারা বইটির ব্যাপারে বিভিন্নভাবে সাহায্য-সহযোগিতা করেছেন আল্লাহ্ তাদের সকলকে জাযায়ে খাইর দান করুন, এবং মূলক লেখক ও অনুবাদকের জন্য এটিকে পরকালের পাথেয় হিসাবে গ্রহণ করে নিন- আমীন।

আল্লাহ আমাদের প্রিয় নবী মুহাম্মাদ (ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) ও তাঁর পরিবার-পরিজন এবং সকল ছাহাবায়ে কেরামের উপর ছালাত ও সালাম নাযিল করুন।

বিনীত অনুবাদক

আখতারুল আমান বিন আব্দুস্ সালাম (মাদানী)

(লিসান্স, ইসলামী শরী'আহ আইন বিভাগ, মদীনা ইসলামী বিশ্ববিদ্যালয়, সঊদী আরব)

মুবাল্লিগঃ

জমঈতু ইহ্‌য়াইত্ তুরাছ্ আল্ ইসলামী

জাহ্‌রা শাখা,কুয়েত।

তাং ২১/০২/২০১০ ইং

f\gKv

সমস্ত প্রশংসা আল্লাহ্ রাব্বুল আলামীনের জন্য। সালাত ও সালাম বর্ষিত হোক সর্বাধিক শ্রেষ্ঠ নবী ও রাসূলের প্রতি। অতঃপর....

আল্লাহর পথে দাওয়াত দেওয়া অন্যতম নৈকট্য অর্জনকারী বিষয়। মুসলিম ব্যক্তি কতই না সৌভাগ্যশীল হয়, যখন সে তার সময়, প্রচেষ্টা, সম্পদ এই দাওয়াতের পথে ব্যয় করে। আমি নিজেকে যার পর নেই সম্মানিত মনে করেছি যখন আমার থেকে আমার বন্ধু মহল এই পুস্তকটি সংকলন করার আবেদন করেন-যাতে শামিল রয়েছে কতিপয় শরঈ ইলমের প্রাথমিক বিষয়াবলী এবং কতিপয় মূলনীতি ও ইসলামী আদব-আচরণ যাতে করে এটা ইলম অন্বেষনকারী ও ভবিষ্যতের দাওয়াত দানকারীদের জন্য উপকারী হয়, যারা পৃথিবীর দূরবর্তী বিভিন্ন দেশে বিভিন্ন শহরে ছড়িয়ে ছিটিয়ে রয়েছেন।

এতে কোনই সন্দেহ নেই যে তাঁরা আমার এই প্রচেষ্টার চেয়ে আরও অধিক প্রচেষ্টার হকদার। কেনই বা নয়? অথচ তারাই হলেন আমানত বহনকারী, রেসালাতের তাবলীগকারী, সুন্নাতের সাহায্যকারী, বিদ‘আত মুকাবিলাকারী। ন্যায়ের আদেশ এবং অন্যায় থেকে নিষেধকারী। ইমাম আহ্মাদ রহ. তাঁর কিতাব ‘আর রাদ্দু আলাল্ জাহমিয়্যাতি ওয়ায্ যানাদিক্বাহ্-জাহ্মিয়্যাহ্ এবং যিন্দীকদের প্রতিবাদ’ এর ভূমিকাতে বলেছেনঃ

‘আল্লাহ্র প্রশংসা যে প্রত্যেক রাসূল পরবর্তি যুগেই তিনি অবশিষ্ট কিছু আলেম বর্তমান বিদ্যমান রেখেছেন যারা পথহারাদেরকে হেদায়াতের দিকে আহ্বান করেন, আর তাঁদের পক্ষ থেকে আগত কষ্টদায়ক বস্তুর উপর ধৈর্য ধারণ করেন। তাঁরা আল্লাহ্র কিতাব দ্বারা মৃতদেরকে জীবিত করেন, অন্ধদেরকে আল্লাহর নূরের সন্ধান দান করেন। তাঁরা ইবলীস কর্তৃক নিহত কতইনা মানুষকে জীবিত করেছেন! কত পথহারা পথভ্রষ্টকেই তাঁরা হিদায়াত দান করেছেন! মানুষের উপর তাঁদের কতই না সুপ্রভাব রয়েছে, আর মানুষদের কতই না কুপ্রভাব তাঁদের উপর রয়েছে! তাঁরা আল্লাহ্র কিতাব থেকে বিদূরিত করেন সীমা লংঘণকারীদের যারা ছিল, কুরআন বিকৃতকারী, বাতিলপন্থীদের বাতিল মতবাদ এবং জাহেলদের অপব্যাখ্যাকারী, বিদ‘আতের পতাকা উত্তোলনকারী। এরা (তথা এই সব বাতিল পন্থীরা) আল্লাহর কিতাবে মতবিরোধকারী, আল্লাহর কিতাবের বিরোধিতাকারী, আল্লাহ্র কিতাব থেকে বিচ্ছিন্ন হওয়ার বিষয়ে ঐক্যমত প্রদর্শনকারী। এরা আল্লাহর উপর আল্লহ্র বিষয়ে, আল্লাহ্র কিতাবের বিষয়ে বিনা ইলমে কথা বলে। দ্ব্যর্থহীন নয়, এমন দলীল বিষয়ে তারা আলোচনা করে। এবং সাধারণ মানুষকে সংশয়ে ফেলে তাদের সাথে প্রতারণা করে।’

আমার আনন্দ-খুশী আরও বর্ধিত হয়েছে এজন্য যে, এই মৌলিক জ্ঞান সংক্রান্ত লেখা ও লেখক আমার দুই সম্মানিত শাইখদের বাণীর মাধ্যমে সম্মানিত হয়েছে। তাঁরা হলেনঃ আমার সম্মানিত শাইখ আব্দুর রহমান বিন ছালিহ্ আলমাহমূদ ও ফযীলাতুশ্ শাইখ মুহাম্মাদ বিন আব্দুল্লাহ্ আল্ খুযায়ের। আমি তাঁদের মন্তব্যগুলো টীকায় তাঁদের দিকে সম্পর্কিত করে লিপিবদ্ধ করে দিয়েছি। এজন্যই রইল তাঁদের জন্য আমার পক্ষ থেকে শুকরিয়া ও সম্মান। নিঃসন্দেহে আল্লাহর পথের দাঈগণ আমাদের পক্ষ থেকে দু’আ ও দান পাওয়ার হকদার। বস্তুত তারা হলেন হেদায়াতের আলোকবর্তিকা, অন্ধকার রাতের প্রদীপ। এই পর্যায়ে আমার শ্রম একজন স্বল্প কিছুর অধিকারীর শ্রম ছাড়া আর কিছু নয়। আমি নতুন কিছুই নিয়ে আসতে পারিনি।

আমার এই পুস্তকে যা সঠিক হবে তা আল্লাহর পক্ষ থেকে আর যা ভুল হবে তা আমার নিজের ও শয়তানের পক্ষ থেকে বলে গণ্য। আমি আল্লাহর নিকট বিতাড়িত শয়তান থেকে আশ্রয় চাচ্ছি। আল্লাহ্র কাছে কামনা করছি, তিনি যেন আমাদের গুনাহগুলো প্রতিদান দিবসে বা ক্বিয়ামত দিবসে-ক্ষমা করে দেন।

আল্লাহ্ আমাদের নবী মুহাম্মাদ ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম ও তাঁর পরিবার-পরিজন এবং সকল ছাহাবায়ে কেরামের উপর ছালাত ও সালাম নাযিল করুন।

ছালিহ বিন মুক্ববিল আল্ উছায়মী,আত্ তামীমী
পোঃ ১২০৯৬৯, রিয়াদ ১১৬৮৯
মোবাইলঃ০৫৫৪২৮৯৬

Avjvni w`‡K `vIqvZt

আল্লাহ্‌র দিকে দাওয়াত দেওয়া সর্বাধিক মহান, নৈকট্য অর্জনকারী বিষয়। এজন্যই এই কাজটি সম্পাদন করেছেন সৃষ্টির সেরা ব্যক্তিত্ব-তথা নবী-রাসূলগণ। আর ইহাই এই দাওয়াতের ফযীলতের প্রমাণ হিসাবে যথেষ্ট। কারণ আমরা সমগ্র মানুষকে জীবনের প্রকৃত দায়িত্বের দিকে আহ্বান করছি। আর তাহল যথাযথভাবে আল্লাহ তা'আলার দাসত্ব করা। মহান আল্লাহ এরশাদ করছেনঃ

(وَمَا خَلَقْتُ الْجِنَّ وَالْأِنْسَ إِلَّا لِيَعْبُدُونِ)[الذاريات:56]

আমি জিন ও মানবজাতীকে সৃষ্টি করেছি শুধুমাত্র আমারই ইবাদত করার জন্যে। (আয্ যারিয়াতঃ৫৬)।

এজন্যই আল্লাহ এর বিনিময় স্বরূপ সুনির্দিষ্ট করেছেন মহান বিনিময়, অফুরন্ত প্রতিদান। রাসূলুল্লাহ ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেনঃ

(لَأَنْ يَهْدِيَ اللهُ بِكَ رَجُلاً وَاحِداً خَيْرٌ لَكَ مِنْ حُمْرِ النَّعَمِ) [رواه البخاري -كتاب المغازي4210، ومسلم –فضائل الصحابة 2406]

আল্লাহ যদি তোমার মাধ্যমে একজন ব্যক্তিকেও হেদায়াত দান করেন, তবে ইহাই তোমার জন্য লাল উট অপেক্ষা উত্তম (বুখারী,মাগাযী অধ্যায়,হা/৪২১০,মুসলিম,ফাযায়েলুছ্ ছাহাবাহ্ অধ্যায়,হা/২৪০৬)।

এই মহান পুরস্কার এজন্যই যে, এই কাজটি অতীব গুরূত্বপূর্ণ। এজন্যই প্রত্যেক মুসলিম ব্যক্তির উচিত হল আল্লাহর পথে দাওয়াত দেওয়ার মৌলিক নীতি জেনে নেওয়া এবং এবং এই উম্মতের পূর্বসূরীদের তরীক্বার অনুসরণ করা যাদের প্রধান হলেন ইসলামের প্রথম দাঈ মুহাম্মাদ ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম। মহান আল্লাহ্ বলেনঃ

(يَـا أَيُّهَـا النَّـبِيُّ إِنَّـا أَرْسَـلْنَاكَ شَـاهِداً وَمُبَـشِّراً وَنَـذِيراً **(45)** وَدَاعِيـاً إِلَى اللهِ بِإِذْنِـهِ وَسِرَاجـاً مُنِـيراً **(46)**)[الأحزاب]

হে নবী! আমি আপনাকে সাক্ষীদাতা, সুসংবাদদাতা ও ভীতি প্রদর্শনকারী হিসাবে, এবং আল্লাহর অনুমতিক্রমে আল্লাহর দিকে আহ্বানকারী ও প্রদীপ্ত প্রদীপ হিসাবে প্রেরণ করেছি। (আল্ আহ্যাব : ৪৫-৪৬)।

কারণ নবী ও তাঁর অনুসারীদের আল্লাহর পথে দাওয়াত ছিল জাগ্রত জ্ঞান সহকারে। মহান আল্লাহ্ বলেনঃ

(قُلْ هَذِهِ سَبِيلِي أَدْعُو إِلَى اللهِ عَلَى بَصِيرَةٍ أَنَا وَمَنِ اتَّبَعَنِي وَسُبْحَانَ اللهِ وَمَـا أَنَـا مِـنَ الْمُـشْرِكِينَ **(108)**)[يوسف]

'(হে রাসূল!) আপনি বলে দিন ইহাই আমার পথ আমি ও আমার অনুসারীগণ আল্লাহর পথে জাগ্রত জ্ঞান সহকারে দাওয়াত দান করি। আমি আল্লাহ্‌র পবিত্রতা বর্ণনা করছি। এবং আমি মুশরিকদের দলভুক্ত নই। (ইউসুফঃ১০৮)।

Avgiv Avjvni w`‡K `vIqvZ w`e wbg eWYZ Kvi‡Y:

1-Avjvni Øx‡bi cPvi I cmvi Ges hgx‡bi e‡K Zvi `vmZ ev¯evqb Kiv

আর ইহা সম্পন্ন হবে উহার বিপরীত বিষয়গুলির অবসানের মাধ্যমে যেমন বিভিন্ন রকম কুফরী, সীমালংঘন, পাপাচার ও অবাধ্যতা প্রভৃতি।

2-DËg bgbv Z_v gnv¤§v` Qvjvjvû AvjvBwn Iqv mvjvg Gi AbmiY Kiv

কারণ তিনি রাত ও দিনের বিভিন্ন অংশে দাওয়াত দিতেন। তিনি আল্লাহর পথে সংগ্রাম করেছেন যেমন করে ছিলেন তাঁর পূর্বেকার নবী ও রাসূলগণ। মহান আল্লাহ্ নূহ আলাইহিস্ সালাম এর বক্তব্য উল্লেখ করে বলেনঃ

قَالَ رَبِّ إِنِّي دَعَوْتُ قَوْمِي لَيْلاً وَنَهَاراً (5) فَلَمْ يَزِدْهُمْ دُعَائِي إِلَّا فِرَاراً (6) وَإِنِّي كُلَّمَا دَعَوْتُهُمْ لِتَغْفِرَ لَهُمْ جَعَلُوا أَصَابِعَهُمْ فِي آذَانِهِمْ وَاسْتَغْشَوْا ثِيَابَهُمْ وَأَصَرُّوا وَاسْتَكْبَرُوا اسْتِكْبَاراً (7) ثُمَّ إِنِّي دَعَوْتُهُمْ جِهَاراً (8) ثُمَّ إِنِّي أَعْلَنْتُ لَهُمْ وَأَسْرَرْتُ لَهُمْ إِسْرَاراً (9)[نوح]

'সে বলল, হে আমার প্রতিপালক! আমি আমার জাতিকে রাতে এবং দিনে আহ্বান করেছি। কিন্তু আমার আহ্বান তাদের পলায়নই বৃদ্ধি করেছে মাত্র। আমি যতবারই তাদেরকে দাওয়াত দিয়েছি, যাতে আপনি তাদেরকে ক্ষমা করেন, ততবারই তারা কানে আঙ্গুলি দিয়েছে, মুখমন্ডল বস্ত্রাবৃত করেছে, জেদ করেছে এবং খুব ঔদ্ধত্য প্রদর্শন করেছে। অতঃপর আমি তাদেরকে প্রকাশ্যে দাওয়াত দিয়েছি। অতঃপর আমি ঘোষণা সহকারে প্রচার করেছি এবং গোপনে চুপিসারে বলেছি। (সূরা নূহ : ৫-৯)

নবী নূহ আলাইহিস্ সালাম অন্যান্য নবীগণের ন্যায় একজন নবী। তিনি তাঁর কওমকে সর্বসময়, সর্ব উপকরণ, পথ ও পদ্ধতি অবলম্বনে দাওয়াত দিয়েছেন। বরং তিনি বিনা বিরক্তি বিনা অবসাদে সুদীর্ঘ সাড়ে নয়শ' বছর দাওয়াত দিয়েছেন। এজন্যই আমাদের বন্ধু নবী কারীম ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম আল্লাহর নিম্নোক্ত ডাকে সাড়া দিয়েছেন। এরশাদ হচ্ছে-

(ادْعُ إِلَى سَبِيلِ رَبِّكَ)[النحل:125].

'আপানি আপনার প্রতিপালকের পথে আহ্বন করুন।' (সূরা আন নাহল:১২৫)।

(وَادْعُ إِلَى رَبِّكَ إِنَّكَ لَعَلَى هُدىً مُسْتَقِيمٍ) [الحج:67]

'আর আপনি আপনার রবের দিকে আহ্বান করুন। নিশ্চয় আমি সঠিক হেদায়াতের উপর প্রতিষ্ঠিত আছেন।' (সূরা আল হজ : ৬৭)

(وَادْعُ إِلَى رَبِّكَ وَلا تَكُونَنَّ مِنَ الْمُشْرِكِينَ) [القصص:87]

'আর আপনি আপনার প্রতিপালকের দিকে আহ্বান করুন। আর মুশরিকদের অন্তর্ভুক্ত হওয়া থেকে বিরত থাকুন।' (সূরা আল্ ক্বাছাছ : ৮৭)

তাইতো নবী কারীম ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তাঁর মৃত্যুদম পর্যন্ত আল্লাহর দিকে আহ্বানকারী হিসাবে কাটিয়েছেন। তিনি তাঁর অনুসারীদেরকে আল্লাহর পথে দাওয়াত দেওয়ার নির্দেশ দিয়ে বলেনঃ

(بَلِّغُوْا عَنِّيْ وَلَوْ آيَةً)[البخاري، كتاب الأنبياء، باب ما ذكر عن بني إسرائيل، حديث 3461]

'তোমরা আমার নিকট থেকে পৌঁছিয়ে দাও-তথা প্রচার কর, যদিও তা একটি আয়াতও হয়।' (বুখারী, হা/৩৪৬১)।

3-hw` Avjvni c‡\_ `vIqvZ Ae¨vnZ bv _v‡K Z‡e Kdi I wki‡Ki Dcw¯wZ `Z †nvK ev wej‡¤, GK mgq Zv Bmjv‡gi ¯wq‡Z cfve †dj‡e Ges Zvi Abmvix‡`i‡K nvm Ki‡e|

4-gmwjg‡`i †_‡K aŸsm I kw¯ cwZnZ Kiv:

মহান আল্লাহ্ বলেনঃ

(وَاتَّقُوا فِتْنَةً لا تُصِيبَنَّ الَّذِينَ ظَلَمُوا مِنْكُمْ خَاصَّةً وَاعْلَمُوا أَنَّ اللَّهَ شَدِيدُ الْعِقَابِ) [الأنفال:25]

আর তোমরা এমন ফিৎনাহকে ভয় কর যা তোমাদের মধ্যেকার অত্যাচারীদেরকেই শুধু আপতিত করবে না। (বরং সকলকে তা গ্রাস করবে)। আর জেনে রেখ নিশ্চয় আল্লাহ্ হলেন কঠিন শাস্তিদানকারী। (সূরা আল্ আনফাল: ২৫)।

যায়নাব বিনতে জাহ্শ থেকে বর্ণিত,তিনি রাসূল (ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম)কে জিজ্ঞাসা করেছিলেনঃ আমরা কি আমাদের মাঝে সৎকর্মশীলদের উপস্থিতি সত্ত্বেও ধ্বংস প্রাপ্ত হব? তিনি বললেনঃ হ্যাঁ অবশ্যই। যখন পাপাচার বৃদ্ধি পাবে। (মুসলিম,ফিৎনা-ফাসাদ অধ্যায়, হা/২৮৮০)।

5-Bmj‡gi cwZ gvb‡li AZxe c‡qvRbxqZv

কারণ তাদেরকে গায়রুল্লাহর গোলামী ও দাসত্ব থেকে মুক্তি দেওয়ার প্রয়োজন। এবং তাঁর জটীল সমস্যা গুলির সমাধান ও তার অবস্থার সংশোধন প্রয়োজন। আর এসব সমস্যার সমাধান একমাত্র বিশুদ্ধ ইসলাম দ্বারাই সম্ভব। আল্লাহ্ বলেনঃ

(وَمَنْ أَعْرَضَ عَنْ ذِكْرِي فَإِنَّ لَهُ مَعِيشَةً ضَنْكاً)[طـه:124]

'যে আমার যিক্র-উপদেশ থেকে মুখ ফিরিয়ে নেবে তার জন্য অবশ্যই রয়েছে সংকীর্ণময় জীবন।' (সূরা ত্বা-হা : ১২৪)।

6-Lóvbx I åóZvi `vIqv‡Zi AcZrciZvi g‡L `vov‡bv hv mgM cw_ex‡K aŸsm K‡i‡Q Ges KwZcq `ej‡`i g‡b wbR Bmjvg ag wel‡q msk‡qi agRv‡j Ave× K‡i w`‡q‡Q|

7-aŸsmKvix KwZcq `kb †hgb ag wbi‡c¶Zvev`, agnxbZv, RvZxqZvev`, agnxb AvawbKZv cfwZi cmviZv †iva Kiv|

8-wbðq Avjvni w`‡K AvnŸvb Kiv mewaK m¤§wbZ `wqZ| KviY GiB gv‡S `wbqv I Av‡Liv‡Zi m¤§vb wbwnZ i‡q‡Q|

Avjvni c‡_ `vIqvZ †`Iqvi weavb wK? Kvi Dci GB `wqZ eZvq?

আল্লাহর পথে দাওয়াত দেওয়া প্রত্যেক মুসলিম নর-নারীর উপর নিজ নিজ সাধ্যানুযায়ী ওয়াজিব। কারণ মহান আল্লাহ্ বলেনঃ

(وَلْتَكُنْ مِنْكُمْ أُمَّةٌ يَدْعُونَ إِلَى الْخَيْرِ وَيَأْمُرُونَ بِالْمَعْرُوفِ وَيَنْهَوْنَ عَنِ الْمُنْكَرِ)[آل عمران:104]

'তোমাদের মাঝে এমন একটি দল হওয়া উচিত। যারা কল্যাণের পথে আহ্বান করবে, আর ন্যায়ের আদেশ এবং অন্যায় থেকে নিষেধ করবে।' (সূরা আলে ইমরানঃ১০৪)

মহান আল্লাহ্ আরো বলেন:

(كُنْتُمْ خَيْرَ أُمَّةٍ أُخْرِجَتْ لِلنَّاسِ تَأْمُرُونَ بِالْمَعْرُوفِ وَتَنْهَوْنَ عَنِ الْمُنْكَرِ وَتُؤْمِنُونَ بِاللَّهِ)[آل عمران:110]

'তোমরাই হলে সর্বোত্তম জাতি, যাদেরকে বের করা হয়েছে মানুষের কল্যণের জন্য। তোমরা ন্যায়ের আদেশ করবে এবং অন্যায় থেকে নিষেধ করবে এবং আল্লাহর উপর ঈমান আনবে।' (আলে ইমরানঃ ১১০)।

তা ছাড়াও নবী কারীম ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেনঃ

(مَنْ رَأَى مِنْكُمْ مُنْكَرًا فَلْيُغَيِّرْهُ بِيَدِهِ فَإِنْ لَمْ يَسْتَطِعْ فَبِلِسَانِهِ فَإِنْ لَمْ يَسْتَطِعْ فَبِقَلْبِهِ وَذَلِكَ أَضْعَفُ الإِيمَانِ)[مسلم].

তোমাদের কেউ কোন গর্হিত কাজ দেখলে সে যেন তা হাত দিয়ে প্রতিহত করে। যদি তা না পারে, তবে মুখ দিয়ে প্রতিহত করে। যদি তাও না পারে তবে অন্তর দিয়ে প্রতিহত করবে। আর ইহা হল দুর্বলতম ঈমান। (মুসলিম,ঈমান অধ্যায়। হা/৪৯)।

উল্লেখ্য(ولتكن منكم) এর মধ্যেকার (من)টি তাবঈয তথা অংশ বিশেষ বুঝানোর জন্য এসেছে[১]।

অথবা (الاستغراق) তথা ব্যাপকতা বুঝানোর জন্য এসেছে। আল্লাহর বাণীঃ

(فاجتنبوا الرجس من الأوثان واجتنبوا قول الزور) এর মধ্যে (من) এর মতই এর ব্যবহার যা ব্যাপকতা বুঝানোর জন্য এসেছে। এজন্যই অত্র আয়াত দ্বারা নির্দিষ্ট কোন জামা'আতের সাথে দাওয়াতের বিষয়টি খাছ করা যাবে না। বরং তা সকলের উপরই ওয়াজিব। বিষয়টির প্রমাণ স্বরূপ পূর্বের দলীলগুলো এবং প্রাগুক্ত আয়ত (ولتكن منكم) এর ব্যাখ্যা বিশ্লেষণ যথেষ্ট।

KwZcq welq hv `vIqvZ `vZvi Dci j¶¨ ivLv IqvwRet

1-Bjgt দাঈর উপর ওয়াজিব হল তিনি যার দিকে মানুষকে আহ্বান করবেন, সে বিষয়টি ও সম্পর্কে জ্ঞান সম্পন্ন হবেন। মহান আল্লাহ্ বলেনঃ

(قُلْ هَذِهِ سَبِيلِي أَدْعُو إِلَى اللهِ عَلَى بَصِيرَةٍ أَنَا وَمَنِ اتَّبَعَنِي وَسُبْحَانَ اللهِ وَمَا أَنَا مِنَ الْمُشْرِكِينَ)

'আপনি বলে দিন,ইহাই আমার পথ আমি আল্লাহর পথে জাগ্রত জ্ঞান সহকারে দাওয়াত দিয়ে থাকি।' (সূরা ইউসুফঃ১০৮)।

আর ইলম মূলতঃ একটি মাত্র বস্তু নয় যা বিভাজন, বিভক্তি কবুল করে না। বরং এর অনেক শাখা-প্রশাখা রয়েছে। সুতরাং যে ব্যক্তি কোন মাসআলাহ্ জানলো সে উক্ত মাসআলার আলেম। এজন্য তার উপর ওয়াজিব হল সেদিকে মানুষকে আহ্বান করা। অবশ্য তাকে যে বিষয়ের ইলম নেই সেই বিষয়ের প্রতি দাওয়াত দেওয়ার দায়িত্বভার দেওয়া হয়নি।

প্রত্যেক মুসলিম ব্যক্তির ওয়াজিব হল সে তার জ্ঞান অনুযায়ী দাওয়াত দেবে। আর যে বিষয়ে তার জানা নেই সে বিষয়ে অযথা দায়িত্বভার নিতে যাবে না। মহান আল্লাহ্ বলেনঃ

(قُلْ مَا أَسْأَلُكُمْ عَلَيْهِ مِنْ أَجْرٍ وَمَا أَنَا مِنَ الْمُتَكَلِّفِينَ) (86) [سورة ص].

'বল, আমি তোমাদের নিকট এই দাওয়াতের উপর কোন বিনিময় চাইনা, এবং আমি লৌকিকতা প্রদর্শনকারীদের অন্তর্ভুক্ত নই।' (সূরা ছাদ : ৮৬)

আর যদি আমরা দাওয়াতকে শুধু মাত্র বিজ্ঞ আলেমদের মাঝেই সীমিত করে দেই, আর অন্যদের জন্য এ দাওয়াত নাজায়েয বলি, তাহলে আমাদের নিকট অতি অল্প সংখ্যক দাঈ টিকবে যা উল্লেখযোগ্য নয়। তখন বতিল ও গর্হিত কাজ প্রচার ও প্রসারতা লাভ করবে।

অনুরূপভাবে দাঈদের কর্তব্য হল উলামায়ে দ্বীন থেকে উপকৃত হওয়া। তাদের মতামত, বই-পুস্তক প্রভৃতি থেকে আলো গ্রহণ করা।

2-`vCi Dci IqvwRe nj me mgq meve¯vq `vIqvZ Kiv:

আল্লাহর পথে দাওয়াত দেওয়া, ছালাত, ছিয়াম ও হজ প্রভৃতির মত নির্দিষ্ট সময়-কালের সাথে সংশ্লিষ্ট নয়। যা থেকে আগে-পিছে করা যাবে না, এমন নয়[২]।

---

[1] সম্ভবত সর্বাধিক বিশুদ্ধ কথা হল,এখানে ( ) টি (   ) তথা বর্ণনা দেওয়ার জন্য এসেছে যা ব্যাপকতার ফায়েদা দিয়ে থাকে (আল্ মাহমূদ)।

নূহ্ আলাইহিস্ সালাম তাঁর জাতীকে রাতে, দিনে, প্রকাশ্যে, অপ্রকাশে সর্বাবস্থায় দাওয়াত দিয়েছেন। অনুরূপভাবে ইউসুফ আলাইহিস্ সালাম জেল খানাকে দাওয়াতের ক্ষেত্র ভূমিতে পরিবর্তিত করে দিয়ে ছিলেন। জেলে থাকার বিষয়টিকে তিনি দাওয়াতী কর্ম থেকে বিরত থাকার ওযর হিসাবে পেশ করেননি।

অতএব, একজন মুসলিম সে নিজ ঘরে, কর্মস্থলে, বাজারে, ব্যবসা-প্রতিষ্ঠানে, নিজ আচার আচরণে, মানুষের সাথে লেন-দেন করার ক্ষেত্রে, সফরে, মুকীম অবস্থায় তথা প্রত্যেকটি অবস্থায় ও প্রতিটি মুহূর্তে দাওয়াতদানকারী হিসাবে ভূমিকা পালন করবে। মহান আল্লাহ্ বলেনঃ

(قُلْ إِنَّ صَلاتِي وَنُسُكِي وَمَحْيَايَ وَمَمَاتِي لِلَّهِ رَبِّ الْعَالَمِينَ)[الأنعام:162]

'নিশ্চয় আমার ছালাত, আমার কুরবানী, আমার জীবন ও মরণ সবই আল্লাহ্ রাব্বুল আলামীনের জন্য নিবেদিত।' (সূরা আল্ আন'আম : ১৬২)।

নবী কারীম ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেনঃ 'তুমি যেখানেই থাকনা কেন, আল্লাহ্-কে ভয় করবে। (তিরমিযী, কিতাবুল বির ওয়াছ্ ছিলাহ্,হা/১৯৮৭)।

3-GU¨ kZ bq †h `vCi K_v gvbl ‡g‡b ‡b‡e

মহান আল্লাহ্ বলেন:

(وَمَا عَلَى الرَّسُولِ إِلَّا الْبَلاغُ الْمُبِينُ)[النور:54،العنكبوت:18]

'রাসূলের উপর স্পষ্টভাবে পৌঁছানো ছাড়া আর কোন দায়িত্ব নেই।' (সূরা আল্ আনকাবূতঃ১৮)

একজন দাওয়াত-কর্মীর কর্তব্য হল, সে নিজ দাওয়াতী কর্মে নিয়োজিত থাকবে। যদিও তার কথা কেউ না মানে, না শুনে। কারণ, মূল উদ্দেশ্য হল প্রকাশ্যভাবে পৌঁছিয়ে দেওয়া। দাওয়াতকৃত ব্যক্তিদের সাড়া দেওয়া দাঈর জন্য আবশ্যক নয়। অতএব তার উচিত নিজ ওয়াজিব দায়িত্ব পালন করার ক্ষেত্রে বিরক্তি বোধ, ক্লান্তি, অবসাদ কিছুই যেন তাকে না পায়। নিজ দাওয়াতী কাজ নিয়মিত আদায় করা অন্যান্য ইবাদতগুলি নিয়মিত আদায় করার মত। ইহাই আল্লাহ্র নবী ও রাসূলগনের আদর্শ।

যেমন নূহ আলাইহিস্ সালাম নিজ সম্প্রদায়ের লোকদেরকে নিকট সাড়ে নয়শ' বছর পর্যন্ত দাওয়াত দিতে থেকেছেন অথচ তাঁর আহবানে অল্প কিছু লোকই ঈমান এনেছিল। বরং কোন কোন নবী যুগের পর যুগ নিজ সম্প্রদায়ের লোকদেরকে দাওয়াত দিতে থেকেছেন এরপরও তাঁদের দাওয়াতে একজনও ঈমান আনেনি। ইমাম নববী (রহ.) ছহীহ মুসলিমের ব্যাখ্যায় বলেনঃ শরীয়ত বলবৎ হয়েছে এরূপ ব্যক্তি থেকে ন্যায়ের আদেশ ও অন্যায় থেকে নিষেধ করার দায়িত্ব রহিত হবে না। এই ধারনা করা যাবে না যে তার এই আদেশ নিষেধ কোন উপকারে আসবে না। বরং এরপরও আদেশ নিষেধ করা তার জন্য ওয়াজিব। মহান আল্লাহ্ বলেনঃ

(وَذَكِّرْ فَإِنَّ الذِّكْرَى تَنْفَعُ الْمُؤْمِنِينَ)[الذاريات:55]

'আপনি উপদেশ দিন, কারণ ওয়ায-উপদেশ মুমিনদের উপকার দেয়। ' (সূরা আয্ যারিয়াত: ৫৫)। কারণ তার উপর যে দায়িত্ব ন্যস্ত রয়েছে তাহল এই যে, সে তার দাওয়াতী কাজ বিরতিহীনভাবে চালিয়ে যাবে। আদেশ ও নিষেধ কবুল করানো তার দায়িত্ব নয়। (ছহীহ মুসলিম ইমাম নববীর ব্যাখ্যাসহ)।

মহান আল্লাহ বলেনঃ

(وَإِذْ قَالَتْ أُمَّةٌ مِنْهُمْ لِمَ تَعِظُونَ قَوْماً اللهُ مُهْلِكُهُمْ أَوْ مُعَذِّبُهُمْ عَذَاباً شَدِيداً قَالُوا مَعْذِرَةً إِلَى رَبِّكُمْ وَلَعَلَّهُمْ يَتَّقُونَ)[الأعراف:164]

---

[2] মুসাফিরের কিছু কিছু অবস্থায় ছালাত আগে পিছে করা বৈধ রয়েছে। অনুরূপভাবে ছিয়াম বিলম্বিত করা বৈধ। তদ্রূপ যাকাত নির্দিষ্ট কিছু অবস্থায়-যা এখানে ব্যাখ্যা করার অবকাশ নেই-বৈধ রয়েছে।

তাদের মধ্য থেকে কিছু লোক বলল, কেন তোমরা এমন লোকদেরকে উপদেশ দিচ্ছ, যাদেরকে আল্লাহ্ ধ্বংস করবেন বা কঠিন শাস্তি দেবেন? তারা জবাবে বলল, এটা তোমাদের প্রতিপালকের নিকট দায়মুক্তি স্বরূপ। আর হতে পারে তারা আল্লাহকে ভয় করবে। (সূরা আল্ আরাফঃ১৬৪)।

দাওয়াতী কর্ম চালিয়ে যাওয়ার পিছনে ইহাই হল মূল কারণ, যদিও কোন প্রতিফল দেখা না যায়। কারণ অন্তরসমূহ তো রহমান-দয়াময় আল্লাহর দুটি আঙ্গুলের মধ্যে রয়েছে। তিনি যেভাবে চান তা পরিবর্তন করেন। সুতরাং আজ যে দাওয়াতে প্রভাবিত হয়নি, হতে পারে আগামীকাল সে দাওয়াতে প্রভাবিত হবে। এই তো সেই খালিদ ইবনুল ওয়ালীদ, আবু সুফয়ান ইবনু হারব এবং হিন্দাহ বিনতে ওতবাহ যাঁরা রাসূল(ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর বিরুদ্ধে যুদ্ধ করেছিলো, কিন্তু পরবর্তীতে তারাই তাঁর ধর্মের পথে দাওয়াতদানকারী বনে গিয়ে ছিলো। যদি দাওয়াতী কাজ তাদের থেকে মওকূফ রাখা হত আর তাদের কে পূর্ব পৌঁছনো দাওয়াতের কারণে আর দাওয়াত না দেওয়া হত তাহলে তাদের শেষ পরিণতি বড্ড খারাপ হত।

4-`vIqvZ `vbKZ e¨w³ i Dci `qv-gvqv c`kbt

নবী কারীম ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম কল্যাণের বিষয়ে ন্যায়ের আদেশ, অন্যায় থেকে নিষেধ, আল্লাহর পথে জিহাদ, তাঁর পথে দাওয়াত দেওয়া প্রভৃতি বিষয়ে অত্যন্ত লালায়িত ছিলেন। ইহা সত্ত্বেও তিনি তাঁর উম্মতের উপর সর্বাধিক দয়া-মায়া প্রদর্শন কারী ছিলেন। মহান আল্লাহ্ বলেনঃ

(لَقَدْ جَاءَكُمْ رَسُولٌ مِنْ أَنْفُسِكُمْ عَزِيزٌ عَلَيْهِ مَا عَنِتُّمْ حَرِيصٌ عَلَيْكُمْ بِالْمُؤْمِنِينَ رَؤُوفٌ رَحِيمٌ)[التوبة:128]

নিশ্চয় তোমাদের নিকট তোমাদেরই মধ্য থেকেই এসেছেন একজন রাসূল। তোমাদের কষ্টদানকারীবস্তু তাকেও কষ্ট দেয়। তিনি তোমাদের (কল্যাণ দান করার) জন্য লালায়িত, মুমিনদের জন্য করুণাকারী ও দয়ালু । (সূরা আত্ তাওবাহ:১২৮)

বরং তিনি তাঁর উম্মতের ক্ষেত্রে কিরূপ কল্যাণ পৌঁছানোর জন্য লালায়িত তা তিনি নিজেই চিত্রায়িত করে বলেনঃ

(إِنَّمَا مَثَلِي وَمَثَلُ أُمَّتِي كَمَثَلِ رَجُلٍ اسْتَوْقَدَ نَارًا فَجَعَلَتِ الدَّوَابُّ وَالْفَرَاشُ يَقَعْنَ فِيهِ فَأَنَا آخِذٌ بِحُجَزِكُمْ وَأَنْتُمْ تَقَحَّمُونَ فِيهِ)[رواه مسلم كتاب الفضائل، باب شفقته صلى الله عليه وسلم على أمته...رقم الحديث 17].

আমার উদাহরণ ও আমার উম্মতের উদাহরণ হল ঐব্যক্তির ন্যায় যে আগুন প্রজ্জলিত করল, তা দেখে কীট-পতঙ্গ তাতে পড়তে শুরূ করে দিল। সুতরাং আমি তোমাদের কোমর ধারণকারী (যাতে আগুনে না পতিত হও) অথচ তোমরা তাতেই পতিত হচ্ছ। (সহীহ মুসলিম,ফাযায়েল অধ্যায়,হা/১৭)।

অতএব একজন দাঈর উচিত দাওয়াতের পিছনে প্রকৃত উদ্বুদ্ধকারী বিষয় যেন হয় পাপাচারীদের উপর মন্দ পরিণতির ভয় করা। এজন্যই তো নূহ্ আলাইহিস্ সালাম তাঁর দাওয়াতের অন্যতম কারণ হিসাবে প্রকাশ করেছেন নিজ কওমের উপর তার ভয়-ভীতি। মহান আল্লাহ্ তাঁর কথা উদ্ধৃত করে বলেনঃ

(إِنِّي أَخَافُ عَلَيْكُمْ عَذَابَ يَوْمٍ عَظِيمٍ)[الأعراف:59]

‘নিশ্চয় আমি তোমাদের উপর এক মহান দিনের আযাবের ভয় করছি।’ (সূরা আল্ আরাফ : ৫৯)

আর এই তো সেই ফিরআউন বংশের মুমিন ব্যক্তিটি যিনি তার কওমকে লক্ষ্য করে বলেনঃ

(يَا قَوْمِ إِنِّي أَخَافُ عَلَيْكُمْ مِثْلَ يَوْمِ الْأَحْزَابِ)[غافر:30].

'হে আমার জাতি! নিশ্চয় আমি তোমাদের উপর পূর্ববতী সম্প্রদায়সমূহের মতই বিপদ সঙ্কুল দিনের আশংকা করছি।' (সূরা আল গাফির-মুমিন : ৩০)।
তিনি আরও বলেনঃ

(وَيَا قَوْمِ إِنِّي أَخَافُ عَلَيْكُمْ يَوْمَ التَّنَادِ)[غافر:32]

'হে আমার জাতি! আমি তোমাদের জন্যে প্রচন্ড হাঁক-ডাকের দিনের তথা মহাপ্রলয় দিবসের আশংকা করছি।' (সূরা আল গাফের-মুমিন : ৩২)।

দাঈর কর্তব্য হল তিনি মনে করবেন যে, তিনি রোগীদের সাথে লেন-দেন করছেন। আর রোগীরা এমন হৃদয়ের মুখাপেক্ষী যা হয় দয়ালু ও রহমকারী। সুতরাং তারা রূহানী রোগীদের সাথে ঐরূপ আচরণ করবেন যেরূপ আচরণ করে থাকেন ডাক্তারগণ বাহ্যিক রোগে আক্রান্ত রোগীদের সাথে। অধিকাংশ পাপাচারীই উপলদ্ধি করতে পারে না ঐসব পাপের ভয়াবহতা যাতে তারা লিপ্ত। কাজেই দাওয়াত-কর্মীদের কর্তব্য হল ঐসব পাপাচারীদের ভুল সংশোধনকালীন নরমতা, হিকমত, ধির-স্থিরতা অবলম্বন করা। ইহাই হল মূলতঃ আল্লাহভীরু ওলামায়ে দ্বীনের আদর্শ পদ্ধতি। এজন্যই মহান আল্লাহ্ তাঁর নবী মূসা ও হারূনকে নির্দেশ করে ছিলেন সহজ ও নরম কথা ব্যবহার করার, তাও আবার এমন ব্যক্তির সাথে যে হল এই যমীনের উপর সর্বাধিক বড় ত্বাগুত। মহান আল্লাহ্ বলেনঃ

(فَقُولا لَهُ قَوْلاً لَيِّناً)[طـه:44]

'তোমরা তাকে নরম কথা বল।' (সূরা ত্বা-হা : ৪৪)।

অতএব যদি ফিরাউন তার সীমালংঘন ঔদ্ধত্য, প্রভূ হওয়ার দাবী করা, এবং মানুষকে নিজের ইবাদত করার দিকে আহ্বান করা সত্ত্বেও যদি তার সাথে নরম ব্যবহার করার নির্দেশ দেয়া হয়, তাহলে তো সে ব্যতীত অন্যান্য ফাসেক ও পাপাচারী এ বিষয়ে আরোও বেশী হকদার। অবশ্য এসব কথা থেকে যেন কোন ব্যধিগ্রস্ত ব্যক্তি বা তাড়াহুড়া প্রিয় ব্যক্তি একথা বুঝে না নেয় যে, এরূপ আচরণ পাপাচারী-অপরাধকারীদের সাথে শিথিলতা করা বুঝায়। বরং ইহাই প্রকৃত হিকমত।
আর দ্বীনের ব্যাপারে শিথিলতা হল, পাপাচারী ব্যক্তিদের ভুল-ভ্রান্তি থেকে চোখ বন্ধ করে রাখা, তাদেরকে ওয়ায-উপদেশ, সঠিক পথের দিক নির্দেশনা দেওয়া থেকে বিরত থাকা, আর এর উদ্দেশ্য হবে ঐসব পাপাচারী ব্যক্তির থেকে দুনিয়াবী কোন সুবিধা অর্জন করা।

দাঈর উচিত হল যে সে রূঢ়তা, কঠোরতা থেকে দূরে থাকবে এবং তাদের ভুল সংশোধন করার সময় রেগে যাওয়া থেকে দূরে থাকবে। এই বিশ্বাসে তাদের উপর রেগে যাবে না যে আল্লাহ ও রাসূলের উদ্দেশ্যেই তার এই ক্রোধ। বস্তুত যারই এসব চিন্তা-ধারা হবে সেই সঠিক পথ থেকে বহু দূরে অবস্থান করবে। তাড়াতাড়ি ফল পেতে চেয়ে সে সুফল থেকে সে বঞ্চিত হবে। মহান আল্লাহ্ -তাঁর নবী মুহাম্মাদ-ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে লক্ষ্য করে এরশাদ করেনঃ

(وَلَوْ كُنْتَ فَظّاً غَلِيظَ الْقَلْبِ لانْفَضُّوا مِنْ حَوْلِكَ)[آل عمران:159]

'যদি আপনি কঠোর ও রূঢ় হৃদয়ের হতেন, তবে তারা আপনার চতুর্পাশ থেকে ভেগে যেত।' (সূরা আলে ইমরান : ১৫৯)।

তবে আল্লাহর দিনের জন্য রাগ করা ও বদলা গ্রহণ করা অবশ্যই বৈধ। তবে এটি হবে দাওয়াত কৃত ব্যক্তির স্তরের উপর নির্ভরশীল। কাজেই একজন কাফের ও ফাসেকের সাথে যেরূপ আচরণ করা হয় তদ্রূপ আচরণ একজন মুসলিমের সাথে হবে না যে মুসলিম ব্যক্তিটি ইসলামী শিক্ষায় শিক্ষিত যার ক্ষেত্রে আমরা ভেগে যাওয়ার আশংকা করি না। এবং আমরা যার অন্তরে ঈমান কিরূপ প্রবেশ করেছে মর্মে জানি। এক কথায় প্রত্যেক ব্যক্তির সাথে তার অবস্থাভেদে আচরণ করতে হবে।

অনুরূপভাবে দাঈর উচিত পাপাচারীদের ভুল সংশোধন করতে গিয়ে ইশারাহ্ ইঙ্গিত ব্যবহার করা। অতএব তিনি তাদের বিষয়টি প্রকাশ করে দেবেন না, তাদেরকে জনসমুদ্রে অপমান করবেন না। বরং তাঁর উচিত এইভাবে বলাঃ 'লোকদের কি হয়েছে তারা এরূপ এরূপ করছে? এই পদ্ধতির মাধ্যমেই তিনি উদ্দেশ্যকৃত খাছ ব্যক্তিদেরকে সতর্ক করে দিলেন, জাহেলদেরকে শিক্ষা দিলেন। এভাবে তার উদ্দেশ্য হাছিল হয়ে গেল অথচ ভুলকারীর কোন অসুবিধা হল না। এটা মূলতঃ আল্লাহর নবী-রাসূল আলাইহিমুস্ সালামদের কর্ম- পদ্ধতি। অতএব (হে দাঈ!) আপনি এই পদ্ধতি থেকে আঙ্গুলের পৌর বরাবরও দূরে সরবেন না। আপনাকে যেন এমন ব্যক্তি ধোঁকায় না ফেলে দেয় যে এই নববী তরীকার বিরোধিতা করে বা তা থেকে পথচ্যূত হয়েছে।

5-`vIqvZ`vZv gvbl‡`i wbKU `vIqv‡Zi †Kvb wewbgq Zvjvk Ki‡eb bv, Zv‡`i cksmv, Zv‡`i Zid †_‡K ghv`v Avkv Ki‡eb bv|

বস্তুত দাওয়াত হল অন্যান্য ইবাদতের মত একটি মহান ইবাদত যা থেকে একমাত্র খাঁটি ইবাদতটিই গ্রহণ করা হবে। আর এই ইবাদতের উপর একমাত্র মুখলিছ ব্যক্তিকেই নেকী দান করা হবে। মহান আল্লাহ্ বলেনঃ

(مَنْ كَانَ يُرِيدُ الْحَيَاةَ الدُّنْيَا وَزِينَتَهَا نُوَفِّ إِلَيْهِمْ أَعْمَالَهُمْ فِيهَا وَهُمْ فِيهَا لا يُبْخَسُونَ)[هود:15]

'যে ব্যক্তি এই পার্থিব্য জীবন ও তার চাক-চিক্যতা চাইবে আমি তাদেরকে এই দুনিয়াতেই তাদের আমলের বিনিময় পুরাপুরিভাবে প্রদান করব। এখানে তাদেরকে তা কম করে দেওয়া হবে না। (সূরা হূদঃ১৫)।

এজন্যই তো শাইখুল ইসলাম মুহাম্মাদ বিন আব্দুল ওয়াহ্ হাব রহ. তার মহান কিতাব-আত তাওহীদে একটি অধ্যায় এভাবে রচনা করেছেন।

ÔAa¨vqt e¨w³ i Avgj Øviv `wbqv jv‡f i B"Qv Kiv wki‡Ki Aš—f³Õ

এই অধ্যায়ে তিনি মহান আল্লাহর এই আয়াতটি দলীল স্বরূপ উল্লেখ করেছেন।

(مَنْ كَانَ يُرِيدُ الْحَيَاةَ الدُّنْيَا وَزِينَتَهَا نُوَفِّ إِلَيْهِمْ أَعْمَالَهُمْ فِيهَا وَهُمْ فِيهَا لا يُبْخَسُونَ **(15)** أُولَئِكَ الَّذِينَ لَيْسَ لَهُمْ فِي الْآخِرَةِ إِلَّا النَّارُ وَحَبِطَ مَا صَنَعُوا فِيهَا وَبَاطِلٌ مَا كَانُوا يَعْمَلُونَ **(16)**)[هود:15-16]

'যে ব্যক্তি এই পার্থিব্য জীবন ও তার চাক-চিক্যতা চাইবে আমি তাদেরকে এই দুনিয়াতেই তাদের আমলের বিনিময় পুরাপুরিভাবে প্রদান করব। এখানে তাদেরকে তা কম করে দেওয়া হবে না। এরাই হল তারা যাদের জন্য আখেরাতে জাহান্নামের আগুন বৈ আর কিছুই নেই। তারা যা কিছু কর্ম করে ছিল দুনিয়াতে তা সবই বরবাদ হয়ে গেছে। তারা যা কিছু আমল করত তার সবই বাতিল বলে গণ্য। (সূরা হূদ : ১৫-১৬)।

এজন্যই দাঈর কর্তব্য হল, সে মানুষের নিকট তার দাওয়াতের কোন বিনিময় আশা করবে না। আর তার উদ্দেশ্যও দৃঢ় ইচ্ছা যেন না হয় মানুষদের প্রশংসা, তাদের পক্ষ থেকে সম্মান গ্রহণ, তাদের থেকে নিজকে আলাদা ভাবা এবং সম্মানের প্রাচীরদ্বারা পরিবেষ্টিত হওয়া। যার লক্ষ্য ও উদ্দেশ্য এমন হবে সে তার দাওয়াতের বিনিময় থেকে বঞ্চিত হবে, আল্লাহর আযাবের হকদার হবে। কারণ সে এর মাধ্যমে আল্লাহর ইবাদতে শিরক করে বসেছে।

নবী ও রাসূল আলাইহিমুস্ সালাম গণ এই তরীকা স্পষ্ট করেই তুলে ধরেছেন। তারা মানুষদের থেকে দাওয়াতের পারিশ্রমিক হিসাবে কোন বিনিময় বা শুকরিয়া কামনা করতেন না। মহান আল্লাহ্ বলেনঃ

(فَإِنْ تَوَلَّيْتُمْ فَمَا سَأَلْتُكُمْ مِنْ أَجْرٍ إِنْ أَجْرِيَ إِلَّا عَلَى اللَّهِ)[يونس:72]

'যদি তোমরা মুখ ফিরিয়ে নাও তবে মনে রেখ। আমি কিন্তু তোমাদের নিকট কোন বিনিময় চাইনি, আমার বিনিময় তো আল্লাহর কাছেই রয়েছে।' (সূরা ইউনুস : ৭২)
মহান আল্লাহ্ আরো বলেনঃ

(قُلْ لا أَسْأَلُكُمْ عَلَيْهِ أَجْراً إِلَّا الْمَوَدَّةَ فِي الْقُرْبَى وَمَنْ يَقْتَرِفْ حَسَنَةً نَزِدْ لَهُ فِيهَا حُسْناً إِنَّ اللَّهَ غَفُورٌ شَكُورٌ)[الشورى:23]

'আপনি বলে দিন আমি আমার দাওয়াতের জন্যে তোমাদের কাছে কেবল আত্মীয়তাজনিত সৌহার্দ চাই। যে কেউ উত্তম কাজ করে আমি তার জন্য তাতে পুণ্য বাড়িয়ে দেই। নিশ্চয় আল্লাহ্ ক্ষমাকারী, গুণগ্রাহী। (সূরা আশ্ শুরা : ২৩)।
মহান আল্লাহ্ আরো বলেনঃ

(وَجَاءَ مِنْ أَقْصَى الْمَدِينَةِ رَجُلٌ يَسْعَى قَالَ يَا قَوْمِ اتَّبِعُوا الْمُرْسَلِينَ . اتَّبِعُوا مَنْ لا يَسْأَلُكُمْ أَجْراً وَهُمْ مُهْتَدُونَ)[يس:20-21]

'আর শহরের দূরতম প্রান্ত থেকে জনৈক ব্যক্তি দৌড়াতে দৌড়াতে এসে বলল : হে আমার সম্প্রদায়! তোমরা এই রাসূলদের আনুগত্য কর। এমন ব্যক্তিদের আনুগত্য কর, যারা তোমাদের নিকট কোন কোন প্রকার বিনিময় চান না। উপরোক্ত তাঁরা হেদায়াত প্রাপ্ত। (সূরা ইয়া-সীন : ২০-২১)।

নিশ্চয় দাওয়াতের বিনিময়ে মানুষদের নিকট প্রশংসা, তাদের ধন-সম্পদ প্রভৃতি তলব করা মারাত্মক পদস্খলন। কাজেই দাওয়াত দানকারীকে এরূপ পদস্খলনে পতিত হওয়ার পূর্বে অবশ্যই সতর্ক হতে হবে। আর সে বিষয়ে হাজারো বার হিসাব করতে হবে। অতএব তিনি একমাত্র আল্লাহর নিকটেই দাওয়াতের বিনিময় আশা করবেন। অবশ্য দাঈদের জন্য বেতন ও সম্মানী হিসাবে যা ধার্য করা হয় তা তাদেরকে দাওয়াতী কাজের লক্ষ্যে অন্য কাজ থেকে অবসর দেওয়ার জন্যই দেওয়া হয়। এটা বদলা বা পারিশ্রমিক নয়।

6-`vC, `vIqvZKZ e¨w³‡K Z"Q g‡b Ki‡eb bv, hw` I †m `ej ev `wi` n‡q _v‡K :

নিশ্চয় দাওয়াতদানকারীর দায়িত্ব হল মানুষদেরকে জাহান্নামের আগুন থেকে রক্ষা করা এবং মানুষকে মানুষের দাসত্ব থেকে মুক্ত করে মানুষের প্রতিপালকের দাসত্বের দিকে নিয়ে যাওয়া। সুতরাং যেরূপ আমরা ধনী ও সম্মানিত ব্যক্তিদের উপর জাহান্নামের আগুন ও তার ভয়াবহতার ভয় করি তদ্রূপ আমরা দরিদ্র ও দুর্বলদের ক্ষেত্রেও ভয় করি। কারণ তারাও অনুরূপ এমন ব্যক্তির মুখাপেক্ষী যে তাদেরকে জাহান্নামের আগুন থেকে বাঁচাবে এবং মহাপরাক্রমশালী আল্লাহর ইবাদতের প্রতি তাদেরকে দিক নির্দেশনা করবে। দাঈর কর্তব্য হল ইহাই যে, তিনি আরবী ও আজমীর মধ্যে, কালো, সাদা, সম্মানিত ও নীচু ব্যক্তির মধ্যে পার্থক্য করবেন না। অতএব যেভাবে তিনি ক্ষমতাসীন ও সমাজের গণ্যমানদের সাথে নম্রতা ও হিকমতের সাথে কথা বলবেন ঠিক তদ্রূপ আচরণ করবেন অন্যান্য সকল প্রকার মানুষের সাথে। কারণ তারা সকলে আল্লাহর নিকট বরাবর তাদের কেউ কারও থেকে বেশী ফযীলত মন্ডিত হবে না বংশ মর্যাদার কারণে। বরং মর্যাদা নির্ণিত হবে কেবল তাক্বওয়া-পরহেযগারির ভিত্তিতে। মহান আল্লাহ্ বলেনঃ

(إِنَّ أَكْرَمَكُمْ عِنْدَ اللَّهِ أَتْقَاكُمْ)[الحجرات:13]

'নিশ্চয় তোমাদের মধ্যে যে বেশী আল্লাহ্ভীরু সেই আল্লাহর নিকট সর্বাধিক সম্মানিত।' (সূরা আল্ হুজুরাত : ১৩)।

নিশ্চয় দাঈ কোন কোন সময় ক্ষমতাসীন মহল ও সমাজের মান্যগণ্য থেকে নয় বরং দুর্বল ও দরিদ্র শ্রেণীর মাধ্যমে দুঃখ- কষ্টের স্বীকার হতে পারে। বস্তুত এটা তার উপর এক প্রকার কষ্ট বটে। এ ক্ষেত্রে

তার উচিত তা সহ্য করে নেওয়া। কারণ স্বয়ং রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম নেতৃস্থানীয় লোকদের পক্ষ থেকে কষ্ট-ক্লেশের শিকার হয়েছেন যেমন আবুজাহল্ প্রমুখ। আবার নিম্নমানের লোকদের মাধ্যমেও কষ্টের শিকার হয়েছেন। যেমনটি তাঁর তায়েফে যাওয়ার প্রাক্কালে ঘটেছিল। বরং ইসলামের পতাকা উর্ধ্বমুখী ও তার অনুসারীদের শক্তিশালী ও নিজ রাষ্ট্রীয় শক্তি পুষ্ট হওয়ার পরও তিনি এমন এমন আরব্য বেদুঈন দ্বারা কষ্ট পেয়েছেন যারা দুনিয়ার কোন কিছুরই মালিক ছিল না। বস্তুত এগুলো সবই পরীক্ষার বিভিন্ন চিত্র যদিও এগুলোর উৎস বিভিন্ন ধরনের ও বিভিন্ন প্রকৃতির। অতএব দাঈর কর্তব্য হল সমস্ত প্রকার দু:খ্য-কষ্টে ধৈর্য ধারণ করা। তার উচিত দাওয়াতকৃত ব্যক্তিদের ঠাট্টা-বিদ্রূপ, বিরক্তি প্রভৃতির উপর ধৈর্য ধারণ করা। মহান আল্লাহ বলেনঃ

(وَأْمُرْ بِالْمَعْرُوفِ وَانْهَ عَنِ الْمُنْكَرِ وَاصْبِرْ عَلَى مَا أَصَابَكَ إِنَّ ذَلِكَ مِنْ عَزْمِ الْأُمُورِ)[لقمان:17]

'আর তুমি ন্যায়ের আদেশ কর, অন্যায় থেকে নিষেধ কর, আর তোমার নিকট (দু:খ-কষ্ট হতে) যা পৌছে থাকে তাতে ধৈর্য ধারণ কর। নিশ্চয় ইহা সুদৃঢ় বিষয়াবলীর অন্তর্ভুক্ত। '(সূরা লোক্বমান : ১৭)

7-`vCi DwPZ wZwb †hb me`v webq bgZv Aej¤b K‡ibt

আর আল্লাহর পথে দাওয়াতদানকারীর ক্ষেত্রে বিনয় গুণটি একান্তই কাম্য। তার উচিত মানুষের সাথে লেনদেন করতে যেয়ে নিজেকে সুউচ্চ মনে না করা এবং তাদের জ্ঞানের অপর্যাপ্ততা ও চরম মূর্খতার জন্য তাদেরকে অবহেলা না করা। বস্তুত অহংকার, আর মহানত্ব -বড়ত্ব প্রকাশ করা আল্লাহ ব্যতীত অন্য কারও জন্যে বৈধ নয়। অতএব এই খাছ বস্তুদ্বয়ে যে তাঁর প্রতিপালকের সাথে শরীক হতে চাইবে সে অবশ্যই আযাব ও শাস্তির অধিকারী বলে বিবেচিত হবে। আর দাঈ যতই বিনয়ীতা অবলম্বন করবেন তাঁর দাওয়াত ততই বেশী গ্রহণীয় হবে এবং তাঁর তরীকা ও আচরণের প্রভাব মানুষের উপর তত বেশী পড়বে। বস্তুত যে বিনয়ীতা অবলম্বন করে আল্লাহ্ তার মর্যাদা বাড়িয়ে দেন।

8-`vCi DwPZ †h wZwb wbR AvZ¥i †Kvb cKvi cwZ‡kva MnY Ki‡eb bv :

দাঈর ইহাই উচিত যে নিজেকে ব্যস্ত করবেন না ঐ ব্যক্তির প্রতিবাদ করতে যেয়ে যে তার সমালোচনা করেছে বা তার কর্মের ভুল ধরেছে। তাঁর উচিত এই আস্থা রাখা যে নিশ্চয়ই আল্লাহ্ তাঁর পক্ষ থেকে প্রতিহত করবেন। মহান আল্লাহ্ বলেনঃ

(إِنَّ اللَّهَ يُدَافِعُ عَنِ الَّذِينَ آمَنُوا) [الحج:38]

'নিশ্চয়ই আল্লাহ ঈমানদারদের পক্ষ হতে প্রতিহত করে থাকেন।' (সূরা আল হজ : ৩৮)

নিশ্চয় একজন দাঈ মানুষের পক্ষ থেকে দুঃখ্য-কষ্টের, তাদের পরনিন্দা, হিংসা-বিদ্বেষ, ক্রোধের শিকার হতে পারে। এবং এরূপ হবেই হবে। সুতরাং যদি কোন দাঈ নিজের পক্ষ থেকে প্রতিহত করতে থাকে, নিজ প্রতিপক্ষদের ঝগড়া-বিবাদের ঢেউ থেকে নিজেকে মুক্ত রাখার চেষ্টা চালায় তাহলে তার সময় নষ্ট হবে। এতে তার মান-মর্যাদা কমে যাবে।

সুতরাং তার এই অগাধ বিশ্বাস থাকা দরকার যে আল্লাহই তার প্রতিপক্ষদেরকে অপমানিত করবেন এবং তার দুশমনদেরকে লাঞ্ছিত করবেন।

মহান বলেনঃ

(إِنَّا لَنَنْصُرُ رُسُلَنَا وَالَّذِينَ آمَنُوا فِي الْحَيَاةِ الدُّنْيَا وَيَوْمَ يَقُومُ الْأَشْهَادُ)[غافر:51]

'নিশ্চয় আমি আমার রাসূল ও ঈমানদারদেরকে এই দুনিয়ায় সাহায্য করব, এবং সে দিবসেও করব যে দিন সকল সাক্ষ্যদাতাগণ দন্ডায়মান হবে।' (সূরা আল গাফির-মুমিন : ৫১)

ইবনু কাছীর রহ. বলেনঃ অত্র আয়াতে সাহায্য বলতে তাদের থেকে প্রতিশোধ গ্রহণ করা বুঝানো হয়েছে যারা তাদেরকে কষ্ট দিয়ে থাকে। হতে পারে এই প্রতিশোধ তাদের উপস্থিতিতে হবে অথবা

তাদের অবর্তমানে তাদের মরণোত্তর হবে। যেমনটি আল্লাহ্ ইয়াহয়া ও যাকারিয়্যা আলাইহিমাস্ সালামদের হত্যাকারীদের থেকে প্রতিশোধ নিয়েছিলেন।

দাওয়াত-কর্মীর উচিত আল্লাহর উপর গভীরভাবে আস্থা রাখা। কারণ যাকে আল্লাহর পথে কষ্ট দেওয়া হয় আল্লাহ্ এমন ব্যক্তিকে কখনই সাহায্যহীন অবস্থায় ছেড়ে দেবেন না। অবশ্য প্রাগুক্ত বিষয় থেকে দাঈর এরূপ প্রতিবাদ অবশ্যই স্বতন্ত্র হবে যে প্রতিবাদ শরীয়াতের মৌলিক বিষয়ের, দ্বীনী বিষয়ের সাথে সংশ্লিষ্ট হবে। এক্ষেত্রে দাঈর প্রতিপক্ষরা তার সমালোচনা করলেও তার কথা ভিন্ন অন্য কথার ইখতেলাফ যাহের করলে তার উপর ওয়াজিব হয়ে যাবে বিষয়টি খুলে ব্যাখ্যা করা। অবশ্যই এটা অপরিহার্য কর্তব্য। তবে এর পরও দাঈ নিজের ব্যক্তিস্বার্থে কোন প্রতিশোধ নেবে না। সে নিজের স্বার্থে জন্য ক্রোধ প্রকাশ করবে না। এবং যে সব কথায় কোন ফায়েদা-উপকার নেই সেসব কথা থেকে বিরত থাকবে।

9-`vCi DwPZ ^ah aviY Kiv :

অতএব নিজ দাওয়াতের ফল বিলম্বিত হওয়ার জন্য কোন প্রকার পরীক্ষার সম্মুখীন হওয়ার জন্য তার সুদৃঢ় ইচ্ছা-পরিকল্পনা যেন ভেঙ্গে না যায়। কারণ তিনিই তো অন্যদের চেয়েও বেশী বেশী পরীক্ষা, কষ্ট-ক্লেশের শিকার হবেন। মহান আল্লাহ্ বলেনঃ

(وَلَقَدْ كُذِّبَتْ رُسُلٌ مِنْ قَبْلِكَ فَصَبَرُوا عَلَى مَا كُذِّبُوا وَأُوذُوا حَتَّى أَتَاهُمْ نَصْرُنَا وَلا مُبَدِّلَ لِكَلِمَاتِ اللَّهِ وَلَقَدْ جَاءَكَ مِنْ نَبَأِ الْمُرْسَلِينَ)[الأنعام:34]

‘আর নিশ্চয়ই তোমার পূর্বেও রাসূলদেরকে মিথ্যা পতিপন্ন করা হয়েছে। তারা এতে ধৈর্য ধারণ করেছেন। তাদের কাছে আমার সাহায্য পৌঁছা পর্যন্ত তাঁরা নির্যাতিত হয়েছেন। আল্লাহর বাণী কেউ পরিবর্তন করতে পারে না। আর নিশ্চয়ই আপনার কাছে বিগত রাসূলদের খবর পৌঁছেছে। (সূরা আল্ আন‘আম : ৩৪)

দাঈর উচিত হল ইহাই যে, তিনি কষ্ট-তকলীফ প্রভৃতির কারণ দু:চিন্তাগ্রস্ত হবেন না। মহান আল্লাহ বলেনঃ

وَلَقَدْ نَعْلَمُ أَنَّكَ يَضِيقُ صَدْرُكَ بِمَا يَقُولُونَ **(97)** فَسَبِّحْ بِحَمْدِ رَبِّكَ وَكُنْ مِنَ السَّاجِدِينَ **(98)** وَاعْبُدْ رَبَّكَ حَتَّى يَأْتِيَكَ الْيَقِينُ **(99)** [الحجر]

‘(হে নবী!) নিশ্চয় আমি জানি যে তাদের কথায় আপনার বক্ষ-হৃদয় সংকীর্ণ হয়ে যায়। সুতরাং আপনি নিজ প্রতিপালকের প্রশংসার সাথে তাসবীহ পাঠ করুন, এবং সাজদাহ্কারীদের মধ্যে শামিল হয়ে যান। আর আপনার নিকট মৃত্যু আসার পূর্ব পর্যন্ত নিজ প্রতিপালকের ইবাদত করতে থাকুন। (সূরা আল্ হিজর : ৯৭-৯৯)

মহান আল্লাহ্ আরো বলেনঃ

(وَاصْبِرْ عَلَى مَا أَصَابَكَ إِنَّ ذَلِكَ مِنْ عَزْمِ الْأُمُورِ)[لقمان:17]

‘আর তোমার নিকট (দুঃখ-কষ্ট হতে) যা পৌঁছে থাকে তাতে ধৈর্য ধারণ কর। নিশ্চয় ইহা সুদৃঢ় বিষয়াবলীর অন্তর্ভুক্ত। (সূরা লোক্বমান : ১৭)।

অবশ্য এসব কথার অর্থ এমনটি নয় যে, দাওয়াত-কর্মী শুধু মাত্র ফিৎনা-ফাসাদের জায়গায় পতিত হবেন, আর পরীক্ষার স্থানগুলি তালাশ করে বেড়াবেন। আর নিজেকে পরীক্ষার সম্মুখীন করবেন এই ধারণায় যে, তার দাওয়াত এরূপ করণ ছাড়া বিশুদ্ধ হবে না। বরং তাঁর উচিত হবে, তিনি দুশমনদের সাক্ষাৎ কামনা করবেন না। বরং আল্লাহ্র কাছে নিরাপত্তা চাইবেন। এজন্যই নবী ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম থেকে বিশুদ্ধভাবে প্রমাণিত হয়েছে তিনি বলেছেনঃ

(لا يَنْبَغِي لِمُسلِمٍ أَنْ يَذِلَّ نَفْسَهُ. قَالُوْا: وَكَيْفَ يَذِلُّ نَفْسَهُ يَا رَسُولَ اللهِ؟ قَالَ:يَتَحَمَّلُ مِنَ الْبَلاءِ مَا لا يُطِيقُهُ)

[أخرجه ابن ماجة وحسنه الألباني رحمه الله في صحيح ابن ماجة 3259].

'কোন মুসলিম ব্যক্তির উচিত নয় নিজেকে লাঞ্ছিত করা। তাঁরা (ছাহাবায়ে কিরাম) প্রশ্ন করলেন: হে আল্লাহর রাসূল! কিভাবে সে নিজেকে লাঞ্ছিত করতে পারে? তিনি বললেন: এমন বিপদাপদ গ্রহণ করবে যা বরদাশত করার ক্ষমতা সে রাখে না।' (তিরমিযী,ইবনু মাজাহ্,আলবানী রহ.হাদীছটিকে তাঁর ছহীহ ইবনু মাজায় ৩২৫৯ হাসান বলেছেন)।

নবী কারীম ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম আরও বলেনঃ

(لَا تَتَمَنَّوْا لِقَاءَ الْعَدُوِّ وَسَلُوا اللهَ الْعَافِيَةَ فَإِذَا لَقِيتُمُوهُمْ فَاصْبِرُوا)[أخرجه البخاري في كتاب الجهاد، باب لا تتمنوا لقاء العدو رقم 3025]

তোমরা দুশমনের সাথে সাক্ষাতের আকাংখা করবে না। আর আল্লাহ্‌র কাছে নিরাপত্তা প্রার্থনা করবে। তবে যখন তাদের সাথে (অনিচ্ছা সত্ত্বেও) সাক্ষাৎ হয়ে যাবে তখন ধৈর্য ধারণ করবে। (সহীহ বুখারী, জিহাদ অধ্যায়,হা/৩০২৫)।

10-`vCi DwPZ `vIqvZKZ I ‡kvZv e¨w³‡`i Ae¯vi cwZ †Lqvj ivLv:

আল্লাহ্ নবীদেরকে তাদের স্বজাতি থেকে বরং তাদের বংশ থেকে নির্বাচন করেছেন। মহান আল্লাহ্ বলেনঃ

(كَذَّبَتْ قَوْمُ نُوحٍ الْمُرْسَلِينَ . إِذْ قَالَ لَهُمْ أَخُوهُمْ نُوحٌ أَلَا تَتَّقُونَ) [الشعراء105- 106]

'নূহের সম্প্রদায় রাসূলদেরকে মিথ্যাপ্রতিপন্ন করেছে। যখন তাদেরকে তাদেরই ভাই নূহ্ বললেন: তোমরা কি ভয় করবে না? (সূরা আশ্ শু'আরা : ১০৫-১০৬)

মহান আল্লাহ্ আরো বলেনঃ

(إِذْ قَالَ لَهُمْ أَخُوهُمْ هُودٌ أَلا تَتَّقُونَ) [الشعراء: 124]

'যখন তাদেরকে তাদের ভাই হূদ বললেনঃ তোমরা কি ভয় করবে না? (সূরা আশ্ শু'আরা :১২৪)

মহান আল্লাহ্ আরো বলেনঃ

(إِذْ قَالَ لَهُمْ أَخُوهُمْ صَالِحٌ أَلَا تَتَّقُونَ) [الشعراء: 142]

'যখন তাদেরকে তাদের ভাই ছালেহ বললেন: তোমরা কি ভয় করবে না?' (সূরা আশ্ শু'আরাঃ১৪২)

অনুরূপভাবে আল্লাহ্ নবীদেরকে এমন এমন মুজিযাহ্ -অলৌকিক বিষয়- দান করে শক্তিশালী করেছেন যা তাদের কওমের নিকট পরিচিত বিষয় এবং যা দ্বারা তারা অন্যদের উপর বিশেষত্ব অর্জন করেছেন। আল্লাহ্ নবীদেরকে মুজিযাহ্-অলৌকিক বিষয় ও নবুওতের দলীল দ্বারা বৈশিষ্ট্যমন্ডিত করেছেন। সে কারণে তারা জানতে পেরেছে যে, এগুলো মানবরচিত নয়।

ঈসা আলাইহিস্ সালাম এর কওম ডাক্তারী বিদ্যায় প্রসিদ্ধি লাভ করে ছিল বলে ঈসা আলাইহিস্ সালাম এর মুজিযা ছিল ডাক্তারী সংক্রান্ত তথা মৃতদেরকে জীবিত করণ। কুরাইশরা বক্তৃতা, বাগ্মিতা ও সাহিত্যে প্রসিদ্ধি লাভ করেছিল, তাই তো নবী কারীম ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের সর্বাধিক মহান ও স্থায়ী মুজিযা হল আল্ কুরআনুল কারীম। এজন্যই আল্লাহ্ শ্রোতাদের অবস্থার প্রতি লক্ষ্য রাখার দিক নির্দেশনা দিয়েছেন এবং দাওয়াতের পদ্ধতি উল্লেখ করেছেন। মহান আল্লাহ্ বলেন :

(ادْعُ إِلَى سَبِيلِ رَبِّكَ بِالْحِكْمَةِ وَالْمَوْعِظَةِ الْحَسَنَةِ وَجَادِلْهُمْ بِالَّتِي هِيَ أَحْسَنُ) [النحل:125]

‘তুমি তোমার প্রতিপালকের পথে আহ্বান কর হিকমত ও উত্তম নছীহতের মাধ্যমে এবং তাদের সাথে উত্তমভাবে বিতর্ক কর।’ (সূরা আন্ নাহ্ল : ১২৫)
ইহাই মূলত: যাকে দাওয়াত দেয়া হবে তার অবস্থার প্রতি খেয়াল রাখার দলীল। এজন্যই ইবনুল ক্বায়্যিম রহ. তাঁর তাফসীরে বলেনঃ

Avjvn `vIqv‡Zi ¯imgn mwóK‡ji ¯i Abhvqx wbaviY K‡i‡Qb

(K) `vIqvZ KejKivi †hvM¨ I PvjvK-PZi e¨w³ †h n‡Ki we‡iwaZv K‡i bv, Zv A¯xKvi I K‡i bv| এরূপ ব্যক্তিকে হিকমতের সাথে দাওয়াত দিতে হবে।

(L)`vIqvZ Kej Kivi †hvM¨ Z‡e Zvi wbKU wKQ AjmZv I cðv`gwLZv i‡q‡Q -এরূপ ব্যক্তিকে উত্তম ওয়ায-নছীহতের মাধ্যমে দাওয়াত দিতে হবে। তথা ন্যায়ের আদেশ ও অন্যায় থেকে নিষেধ করতে হবে তারগীব বা উদ্দীপন ও তারহীব বা ভীতি প্রদর্শন সূচক আয়াত ও হাদীছ পাঠের মাধ্যমে তাদেরকে বুঝাতে হবে।

M) nUKwiZvKvix wKš gL bq : এর সাথে উত্তম আচরণের মাধ্যমে বিতর্ক করতে হবে।

নিশ্চয় দাঈ হবেন একজন দয়ালু মানুষ। তাঁর উচিত হল শ্রোতাদের অবস্থা, তাদের মানসিক, সামাজিক, অবস্থা ও সময়ের প্রতি খেয়াল রাখা। কারণ, কোন মানুষ নির্দিষ্ট এক সময় দাওয়াত গ্রহণ করতে পারে আবার অন্য সময়ে তা প্রত্যাখ্যানও করতে পারে। তার উদ্দেশ্য শুধু মাত্র দাওয়াত পৌঁছানো ও হুজ্জত কায়েম করাই হবে না, বরং মানুষের দাওয়াত গ্রহণ করার উপর লালায়িত হবেন। অতএব যদি হুজ্জত কায়েম করার সাথে সাথে দাওয়াত গৃহীত হয় তবে তো মূল উদ্দেশ্যই হাসিল হয়ে গেল। আর যদি দাওয়াত গৃহীত না হয় কিন্তু হুজ্জত কায়েম হয়ে যায় তবে এদ্বারা দায়ভার মুক্ত হওয়া যাবে।

11-`vC gvbI‡`i wbKU Zv‡`i gRwj‡m I _vKvi ¯v‡b Avm‡ebt

দাঈ এই মর্মে আদিষ্ট যে তিনি মানুষদেরকে হেদায়াত করবেন। আর এর অর্থই হল, তিনি তাদের জমায়েত হওয়ার স্থানে, আবাস স্থলে, কর্ম স্থলে, তাঁবু-খীমাতে আরাম ও বিনোদনের স্থান প্রভৃতিতে গিয়ে তাদের সাথে সাক্ষাৎ করবেন। যেমনটি স্বয়ং নবী কারীম ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম করতেন। যখনই তিনি লোকদের জামা‘আত দেখতেন তখনই তাদেরকে দাওয়াত দিতেন এবং যাতে তাদের সংস্কার -কল্যাণ রয়েছে সেদিকে তাদেরকে দিক নির্দেশনা দিতেন। নিশ্চয় কৃত্রিম সংকট, ভয়-ভীতি, অহেতুক লজ্জা-শরম এমনই একটি পোশাক যা কোন দাঈর জন্য পরিধান করা উচিত নয়।

নিশ্চয় মানুষ একক, সামগ্রিক কোনভাবেই কখনো দাঈর অনুসন্ধান করবে না, যদি দাঈ নিজেই তাদের অনুসন্ধান না করেন। এজন্যই মানুষদেরকে তাদের স্বস্থানে যিয়ারত করা সর্বাধিক দাওয়াতী সাফল্য কৌশল যা সর্বাধিক প্রভাব বিস্তারকারী এবং নবুওতী তরীকার অধিক নিকটবর্তী কর্ম কৌশল। পক্ষান্তরে শুধু মাত্র দাওয়াতী তৎপরতা মসজিদসমূহে সীমাবদ্ধ করার অর্থই হল কল্যাণ ও সংস্কারমুখী ব্যক্তিদের উপরই তা সীমাবদ্ধ রাখা যা মোটেও উচিত নয়। এমন আচরণ নবীর তরীকা থেকে দূরে সরে যাওয়ার নামান্তর। কারণ নবী কারীম ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম মসজিদে, বাড়ী-ঘরে, বাজারে তথা সকল স্থানে গিয়ে দাওয়াতের কাজ করেছেন। দাঈর কর্তব্য হল দাওয়াতের সহজসাধ্য সমস্ত মাধ্যম দিয়ে মানুষকে উপকার পৌঁছানো। যেমন:

খুত্ববাহ্, ওয়ায-নছীহত, ক্যাসেট, টিভি চ্যানেল, পত্রিকা, ওয়েব সাইট, ইন্টারনেট-ব্লগসহ আধুনিক যাবতীয় মাধ্যম। পাঠ যোগ্য, শ্রবণ যোগ্য ও দর্শন যোগ্য মাধ্যম তথা পত্রিকা, রেডিও, টিভি, ভিডিও প্রভৃতির মাধ্যমও স্ববিশেষ উল্লেখ যোগ্য। তবে প্রচার মাধ্যমের ক্ষেত্রে আপত্তিকর বিষয়গুলি সম্পর্কে সতর্ক থাকতে হবে। কারণ ক্ষতিকর বিষয় প্রতিহত করা উপকারী বস্তু আহরণ করার চেয়ে অগ্রাধিকার প্রাপ্ত বিষয়।

12-`vCi DwPZ wZwb wbw`ó †Kvb wPšv-avivi, gvhnve ev wbw`ó †Kvb RvgvÔAv‡Zi AÜ c¶cwZZ Ki‡eb bv:

হক বিসর্জন দিয়ে সেগুলোর সহযোগিতা করবেন না। বরং তাঁর একান্ত ইচ্ছা-অভিলাস যেন হয় মহান আল্লাহ্কে রাযী-খুশী করা। আর এমনটি তখনই সম্ভব যখন তিনি মতভেদ পরিলক্ষিত হলে কুরআন ও (ছহীহ) সুন্নাহর দিকে প্রত্যাবর্তন করবেন। কারণ অন্ধপক্ষপাতিত্ব সর্বাবস্থায় ঘৃণিত। ইহা মুসলিমদের পরস্পরের প্রতি আস্থা-বিশ্বাস রাখার বিষয়টি দুর্বল করে তোলে এবং ইসলামী উম্মাহকে দুর্বল করে দেয়।...

13-`vCi DwPZ wewfbœ ¯úkKvZi Ae¯vb¸‡jv‡K Kv‡R jvMv‡bv:

আসলে দাঈ একজন জ্ঞানী ও বুদ্ধিমান ব্যক্তি। তিনি জানেন কিভাবে বিভিন্ন স্পর্শকাতর অবস্থান গুলিকে নিজ দাওয়াতের খিদমতে ব্যবহার করবেন। বিশেষ করে যে সমস্ত অবস্থান একেবারেই নাজুক ও স্পর্শকাতর, যে কারণে অন্তরসমূহ কোমল হয় এবং আত্মাসমূহ বিনয়ী হয়ে উঠে সে সব কারণগুলোকে দাওয়াতের কাজে লাগাতে হবে। যেমন মৃত্যু ও রোগ। এজন্যই তো রাসূল ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এ জাতীয় অবস্থানকে কাজে লাগানোর বিষয়ে অত্যন্ত আগ্রহী ছিলেন। তাই তো তিনি তার জনৈক ইহুদী কিশোরকে তার মৃত্যু রোগ শয্যায় দেখতে গিয়ে ছিলেন এবং তাকে ইসলামের দিকে আহ্বান করে ছিলেন। এতে ছেলেটির হৃদয় নরম হয়ে উঠেছিল, নিজ পিতাও প্রভাবিত হয়েছিল। অতঃপর ছেলেটি ইসলাম কবুল করলে রাসূলুল্লাহ ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম সেখান থেকে প্রস্থান করে ছিলেন আর বলে ছিলেনঃ

'ঐ আল্লাহর প্রশংসা যিনি আমার দ্বারা ছেলেটিকে জাহান্নাম থেকে মুক্তি দান দান করলেন।' (বুখারী,জানাযা অধ্যায়,হা/১৩৫৬)।

নবী কারীম ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম কবরস্থানেও মানুষকে ওয়ায-নছীহত করতেন। কারণ সেখানে মৃত্যুর দাফন ও কবর দেখে অন্তর বিনয়ী ও নরম হয়। এজন্যই ইমাম বুখারী রহ. জামে'ছহীহ তথা ছহীহ বুখারীতে এভাবে একটি অধ্যায় রচনা করেছেন।

'বাবুল মাওঈযাতি ইন্দাল ক্বাবরি' মানে কবরের নিকট ওয়ায- নছীহত করা সম্পর্কে পরিচ্ছেদ।

14-DËg Av`k I DËg e¨envi c`kb :

মহান আল্লাহ্ বলেনঃ

(لَقَدْ كَانَ لَكُمْ فِي رَسُولِ اللهِ أُسْوَةٌ حَسَنَةٌ لِمَنْ كَانَ يَرْجُو اللهَ وَالْيَوْمَ الْآخِرَ وَذَكَرَ اللهَ كَثِيراً)[الأحزاب:21]

'নিশ্চয় তোমাদের জন্য রাসূলুল্লাহ এর মাঝে উত্তম আদর্শ রয়েছে; তাদের জন্য যারা আল্লাহ্ এবং শেষ দিবসের আশা করে ও আল্লাহ্কে বেশী বেশী করে স্মরণ করে।' (সূরা আল্ আহযাবঃ২১)।

14-`vCi Dci IqvwRe nj, wZwb Zvi ‡jb-‡`b Av`e AvPi‡Y DËg Av`k n‡eb:

এর মাধ্যমে তাঁর দাওয়াত বেশী কবুল হওয়ার আশা করা যায়। কত পথহারা মানুষ ইসলামে প্রবেশ করেছে দাঈর সদাচরণের মাধ্যমে? যারা মুসলিমদের সুন্দর আচরণে ইসলাম গ্রহণ করেছে তাদের জীবন ও কাহিনী বই-কিতাবে লিপিবদ্ধ রয়েছে। এপর্যায়ে এশিয়া ও আফ্রিকা মহাদেশের লোকদের কথা সবিশেষ উল্লেখযোগ্য-যাদের সাথে মুসলিম ব্যবসায়ীগণ ভাল আচরণ করেছিলেন (ফলে তারা দলে দলে ইসলাম কবুল করে ধন্য হয়ে ছিলেন)। অতএব দাঈরও কর্তব্য হল যে, তিনি তাঁর পূর্বসূরী পুন্যবানদের অনুসরণ করবেন যাতে করে -আল্লাহর ইচ্ছায়-তাঁর দাওয়াত ফল দান করে এবং এর কল্যাণ অর্জিত হয়।

اقرأ التاريخ إذ فيه العبر　　　ضل قوم ليس يدرون الخبر

‘তুমি ইতিহাস অধ্যায়ন কর, কারণ তাতে রয়েছে উপদেশাবলী। ঐজাতি বিপথগামী হবে যারা ইতিহাস বিষয়ে কোন খবরই রাখে না’

15- `vC gZwe‡ivaxq Ávb m¤ú‡K AeMZ n‡eb:

দাঈর উচিত এই বিষয়টি জেনে নেওয়া যে আহ্‌লে সুন্নাতের নিকট আক্বীদায় মতবিরোধ পরিচিত কোন বিষয় নয়;অল্প সামান্য বিষয়ে ইখতিলাফ পাওয়া যায় যা সঠিক আক্বীদায় কোন প্রকার প্রভাব ফেলবে না। যেমন একটি মাসআলাহ্ঃ ‘উর্ধ্বাকাশে মেরাজকালীন কি রাসূলুল্লাহ (ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) তাঁর প্রতিপালককে দেখেছিলেন?

অবশ্য শাখাগত মাসায়েল বিষয়ে মতভেদ শক্তিশালী, অনেক এবং ফুক্বাহাদের মধ্যে প্রসিদ্ধ। এর পরও যারা (ইজতিহাদ করতে যেয়ে) সঠিক বিষয়ের বিরোধিতা করেছেন তাঁরা পুরস্কার পাবেন। দাঈর কর্তব্য হল তিনি বিষয়টি ভালভাবে লক্ষ্য রাখবেন এবং পর্যালোচনা, তর্ক, পারস্পরিক কথোপকথনকালীন মতবিরোধ সংক্রান্ত আদব-কায়দা অনুসরণ করবেন। এবং তাঁর নীতি হবে ইমাম শাফেঈ রহ. এর নীতির মতঃ

(قولي صواب يحتمل الخطأ وقول غيري خطأ يحتمل الصواب)

‘আমার কথা সঠিক, তবে ভুল হওয়ার সম্ভাবনা রয়েছে। পক্ষান্তরে আমি ভিন্ন অন্যের মতামত ভুল। তবে তা সঠিক হওয়ার সম্ভাবনা রয়েছে।’[৩]

এমন ব্যক্তি খুব কমই রয়েছে যে ইমাম শাফেয়ীর এ কথায় প্রভাবিত হয়েছে। এর একমাত্র কারণ হল আদল, ইনসাফ ন্যায় নিষ্ঠা থেকে দূরে অবস্থান করা।

দাঈর ইহাই উচিত, তিনি প্রতিপক্ষদের সাথে কঠোরতা, কর্কশ ভাষা প্রয়োগ করা থেকে দূরে থাকবেন যাতে করে তার দাওয়াত বেশী গ্রহণযোগ্য হয়। [৪]

16-‡Kvb K_v I KvRwU AwaK ¸i“ZcY ©†m wel‡qi Ávb ivLv :

দাঈর উচিত হল, যা সর্বাধিক গুরুত্বপূর্ণ তাই দিয়ে সূচনা করবেন। এরপর তা দিয়ে সূচনা করবেন যা মোটামোটি গুরুত্বপূর্ণ। এটা রাসূল সা. ও ছাহাবায়ে কিরামের পদ্ধতি। তাই তো রাসূলুল্লাহ ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম মু‘আয রা. কে ইয়ামানে প্রেরণকালীন এই মর্মে নির্দেশ ছিলেন যেন তিনি তাদেরকে তাওহীদের দিকে আহ্বান করবেন, অতঃপর ছালাতের দিকে, অতঃপর যাকাত প্রভৃতির দিকে...। (বুখারী, যাকাত অধ্যায়, হা/১৩৯৫)।

দাঈ থেকে যা প্রথম তলব করা হবে তা হল ইহাই যে তিনি সর্ব প্রথম লোকদের আক্বীদাহ্ পরিশুদ্ধ করবেন। সুতরাং যার নিকট শিরক ও পাপ রয়েছে চাই তা ছোট হোক বা বড়, তার সংস্কার করবেন। দাঈর উচিত, তিনি সর্ব প্রথম ঐ ব্যক্তির আক্বীদাহ বিশুদ্ধ করা শুরূ করবেন। এমন না হয় যে সে কাউকে ধুমপান থেকে নিষেধ করবে অথচ সে ব্যক্তি কবর পূজায়, কবরের চতুর্পাশ তওয়াফ করা, তার জন্য নযর-মান্নত পেশ করায় যথেষ্ট আসক্ত। তদ্রূপ ঐ ব্যক্তিও যে কোন ব্যক্তিকে দাড়ি মুন্ডন করার জন্য ওয়ায করে অথচ সে জুমুআহ্ ও জামা‘আত পরিত্যাগকারী; ছালাতই সে আদায় করে না।

অতএব দাঈ,মানুষের আক্বীদাহ বিশুদ্ধ করার পর ভয়াবহতা হিসাবে বিভিন্ন ধরনের পাপ থেকে সতর্কীকরণ শুরূ করবে। যেমন সূদ ভক্ষণ অবশ্যই ধুম পান অপেক্ষা মারাত্মক। অবশ্য এর অর্থ এমন

---

[3] এ কথাটি ইমাম শাফেঈ থেকে বিশুদ্ধ সনদে প্রমাণিত নয় বলে আমি মনে করি। কারণ এ কথাটির মাঝেও নিজের আত্ম প্রশংসা ফুটে উঠে যা সাধারণত ইমাম শাফেঈর মত পন্ডিতের জন্য শোভা পায় না -অনুবাদক।

[4]ইহা সত্ত্বেও যে তিনি ইখতেলাফী মাসায়েলে তাঁর নিকট যা বেশী প্রধান্যযোগ্য তাই বলবেন। কারণ দলীল যা প্রমাণ করে তারই অনুসরণ করা ওয়াজিব। আর ইখতিলাফ বিদ্যমান থাকার অর্থ এই নয় যে, একজন ব্যক্তি বিভিন্ন মাযহাব-মতামত হতে যা ইচ্ছা বা যা মনে ভাল লাগে তাই বেছে নেওয়ার তাকে স্বাধীনতা দেওয়া হয়েছে (আল্ মাহমূদ)।

নয় যে, অন্যান্য সকল পাপকে ছোট চোখে দেখা হচ্ছে। বরং উদ্দেশ্য হল নবী কারীম সা. এর অনুসৃত পদ্ধতিতে পরিচালিত হওয়া। আর এটাকেই 'ফিকহুল আওলাবিয়্যাত' বলা হয় যার অর্থ হল 'কোন্ কোন্ বিষয়গুলি সর্বাধিক গুরুত্বপূর্ণ সে বিষয়ের জ্ঞান'।[৫]

Bj‡g Øx‡bi dhxjZ

cÜfwgt

প্রত্যেক মুসলিম ব্যক্তির একথা জেনে রাখা ওয়াজিব যে ইলম শব্দটি যখন সাধারণভাবে আসবে এবং শরী'আতের দলীলাদি তার ফযীলতে বিধৃত হবে তখন মনে করতে হবে যে ইহা দ্বারা শরঈ ইলম উদ্দেশ্য, কাজেই তা থেকে অন্যান্য সকল ইলম বহির্ভূত বলে গণ্য হবে।[৬]

(হাফেয) ইবনু হাজার (রহ.) ফাতহুলবারীতে বলেনঃ

وَالْمُرَاد بِالْعِلْمِ الْعِلْم الشَّرْعِيّ الَّذِي يُفِيد مَعْرِفَة مَا يَجِب عَلَى الْمُكَلَّف مِنْ أَمْر عِبَادَاته وَمُعَامَلَاته ، وَالْعِلْم بِاَللَّهِ وَصِفَاته ، وَمَا يَجِب لَهُ مِنْ الْقِيَام بِأَمْرِهِ ، وَتَنْزِيهه عَنْ النَّقَائِض ، وَمَدَار ذَلِكَ عَلَى التَّفْسِير وَالْحَدِيث وَالْفِقْه (فتح الباري 141/1).

ইলমে শরঈ দ্বারা উদ্দেশ্য হল এমন ইলম যা ঐসব ধর্মীয় বিষয় জানার ফায়েদা দিয়ে থাকে যা একজন প্রাপ্ত বয়স্ক ব্যক্তির উপর ওয়াজিব। যেমন ইবাদত, লেনদেন, আল্লাহ্ ও আল্লাহর গুণাবলী সংক্রান্ত ইলম, অনুরূপভাবে তার জন্য যা যা করা ওয়াজিব যেমন তাঁর আদেশ পালন, তাঁকে যাবতীয় ত্রুটি-বিচ্যূতি থেকে পবিত্র করণ মর্মের ইলম। আর এই ইলমের ভিত্তি হল তাফসীর, হাদীছ ও ফিক্বহ্ প্রভৃতি (ফাতহুলবারী ১/১৪১)।

Bj‡gi dhxjZ g‡g wKQ `jxjt

*Avjvni wKZve- Avj KiAvb †_‡K:

[5] অবশ্য একথাও লক্ষ্য রাখতে হবে যে,ইহার অর্থ এমন নয় যা কেউ কেউ ধারণা করে বসেছে-যে সর্ব প্রথম আক্বীদাহ্ দিয়ে শুরু করতে হবে এবং বাকী সব কিছু পরিত্যাগ করে দিতে হবে। এর পর শরঈ আহকাম তথা ছালাত,ছিয়াম,যাকাত,হওম,হারামকৃত বস্তু গুলির হারাম করণ যেমন যেনা-ব্যভিচার,মদ্যপান প্রভৃতির দিকে অগ্রসর হতে হবে। এমন ধারণা করা নিতান্তই ভুল। কারণ এই ইসলাম ধর্ম পরিপূর্ণ। যারা ছালাত ও যাকাতে পার্থক্য করতে চেয়ে ছিল তাদের বিরুদ্ধে আবু বাকর (রাঃ)যুদ্ধ করেছিলেন। কাফের ইসলাম কবুল করলে আমরা তাকে ছালাতের তা'লীম দিব এবং ছালাত আদায় করার নির্দেশ করব। তাকে হালাল হারাম বাতলিয়ে দিব। এজন্যই আমি বলছি,দাড়ি মুন্ডনকারী ছালাত ত্যাগকারীকে আগে ছালাতের বিষয়ে তাকীদ দেওয়া ভাল তবে এর অর্থ এমন নয় যে তাকে দাড়ি বিষয়ে সতর্ক করা যাবে না,দাড়ি বাড়ানোর (ছেড়ে রাখার) দাওয়াত দেওয়া যাবে না। এভাবে বাকী সমস্ত বিষয়... (Avj gvng`)|

[6] অবশ্য এর অর্থ এমন নয় যে,অন্যান্য সকল উপকারী ইলমের প্রয়োজন নেই। বরং উম্মতের প্রয়োজন হেতু তাও কাম্য। এই ইলমের অধিকারীগণ এর ছওয়াবেরও অধিকারী হবেন যদি তাদের উক্ত ইলম ও আমলে সৎ নিয়্যত,তার মুসলিম উম্মতের খিদমত এবং তাদের কাফের শত্রু থেকে তাদেরকে বেনিয়ায করণ উদ্দেশ্য জড়িত হয়ে থাকে (Avj gvng`)|

1-gnvb Avjvni evYx -

(أَمَّنْ هُوَ قَانِتٌ آنَاءَ اللَّيْلِ سَاجِداً وَقَائِماً يَحْذَرُ الْآخِرَةَ وَيَرْجُو رَحْمَةَ رَبِّهِ قُلْ هَلْ يَسْتَوِي الَّذِينَ يَعْلَمُونَ وَالَّذِينَ لا يَعْلَمُونَ إِنَّمَا يَتَذَكَّرُ أُولُو الْأَلْبَابِ)[الزمر:9]

'যে ব্যক্তি রাত্রিকালে সাজদাহ্‌র মাধ্যমে অথবা দাঁড়িয়ে ইবাদত করে, পরকালের ভয় করে এবং তার প্রতিপালকের রহমতের আশা করে সে কি তার সমান যে এরূপ করে না? আপনি বলুন: যারা জানে এবং যারা জানে না, তারা কি সমান হতে পারে? উপদেশ তো কেবল তারাই গ্রহণ করে যারা বুদ্ধিমান।'(সূরা আয্ যুমার : ৯)।

2-gnvb Avjvni evYxt

(يَرْفَعِ اللَّهُ الَّذِينَ آمَنُوا مِنْكُمْ وَالَّذِينَ أُوتُوا الْعِلْمَ دَرَجَاتٍ)[المجادلة:**11**]

'তোমাদের মধ্যে যারা ঈমানদার এবং যারা জ্ঞান প্রাপ্ত, আল্লাহ্ তাদের মর্যাদা উচ্চ করে দিবেন।' (সূরা আল্ মুজাদিলাহ্ : **১১**)

3-gnvb Avjvni evYxt

(شَهِدَ اللَّهُ أَنَّهُ لا إِلَهَ إِلَّا هُوَ وَالْمَلائِكَةُ وَأُولُو الْعِلْمِ قَائِماً بِالْقِسْطِ)[آل عمران:18]

'আল্লাহ্ সাক্ষ্য দিয়েছেন যে তিনি ব্যতীত প্রকৃত কোনই উপাস্য নেই। (একই বিষয়ে) ফেরেশতাগণ এবং ন্যায়নিষ্ঠ আলেমগণও সাক্ষ্য দিয়েছেন।' (সূরা আলে ইমরান : ১৮)

Bj‡gi dhxjZ m¤ú‡K nv`xQ †_‡K `jxjt

1-ivmj Qvjvjvû AvjvBwn Iqv mvjvg Gi evYxt

(إِنَّ طَالِبَ الْعِلْمِ لَتَحُفُّهُ الْمَلَائِكَةُ وَتُظِلُّهُ بِأَجْنِحَتِهَا ثُمَّ يَرْكَبُ بَعْضُهُمْ بِعْضًا حَتَّى يَبْلُغُوْا السَّمَاءَ الدُّنْيَا مِنْ حُبِّهِمْ لِمَا يَطْلُبُ)[قال المنذري: رواه أحمد والطبراني بإسناد جيد واللفظ له، وابن حبان في صحيحه والحاكم، وقال: صحيح الإسناد، وروى ابن ماجة نحوه باختصار، مختصر الترغيب والترهيب، فضل الرحلة في العلم، رقم الحديث (40) ورواه الطبراني في الكبير ورجاله رجال الصحيح/ قلتُ:-وأنا أختر- وأخرجه أيضاً الضياء المقدسي في الأحاديث المختارة برقم 34، 35].

'নিশ্চয় ইলম অর্জনকারীকে ফেরেশতাগণ চতুর্পাশ থেকে বেষ্টন করেন ও নিজ পাখা দিয়ে ছায়া দান করেন। এবং তারা একে অপরের উপর আরোহণ করতঃ আসমান পর্যন্ত পৌঁছে যান। তার ইলম অর্জনের প্রতি ভালবাসা প্রদর্শনস্বরূপ তারা এমনটি করেন। [ইমাম মুনযিরী বলেনঃ হাদীছটি আহমাদ, ত্বাবারানী বিশুদ্ধ সনদে বর্ণনা করেছেন। হাদীছটির শব্দ তাবারানীর। আরও বর্ণনা করেছেন ইবনু হিব্বান নিজ ছহীহতে এবং হাকেম এটিকে-মুস্তাদরাকে -বর্ণনা করার পর বলেন: এটির সনদ ছহীহ। ইবনু মাজাহ প্রায় অনুরূপ হাদীছ সংক্ষেপে বর্ণনা করেছেন। মুখতাছারুত্ তারগীবি ওয়াত্ তারহীব, ইলমের জন্য সফর করা অধ্যায়, হা/৪০, এটিকে তাবারানী তার আল্ মুজামুল কাবীর গ্রন্থে বর্ণনা করেন,তার এই বর্ণনার সকল সুত্র ছহীহ (বুখারী ও মুসলিম) এর বর্ণনাকারী। হাদীছটি যিয়া মাক্বদিসী তাঁর 'আল্ আহাদীছুল মুখতারাহ্' নামক বিশুদ্ধ হাদীছ গ্রন্থে সংকলন করেছেন। দ্রঃ আল্ আহাদীছ্ আল্ মুখতারাহ্,হা/৩৪,৩৫]।

2-ivmj Qvjvjvû AvjvBwn Iqv mvjvg Gi evYxt

(مَا مِنْ رَجُلٍ يَسْلُكُ طَرِيْقاً يَلْتَمِسُ فِيهِ عِلْمًا إِلاَّ سَهَّلَ اللَّهُ لَهُ طَرِيقًا إِلَى الْجَنَّةِ ، وَمَنْ أَبْطَأَ بِهِ عَمَلُهُ لَمْ يُسْرِعْ بِهِ حسَبُهُ) [رواه مسلم بزيادة في أوله وآخره، كتاب الذكر والدعاء، باب فضل الاجتماع على تلاوة القرآن وعلى الذكر، رقم الحديث 38، وأخرجه أبو داود بهذا اللفظ- كتاب العلم-باب الحث على طلب العلم، رقم الحديث 3643].

‘যদি কোন ব্যক্তি ইলম অন্বেষণ কল্পে কোন পথে পরিচালিত হয় তাহলে আল্লাহ তার জন্য জান্নাতের একটি পথ সুগম-সহজ করে দেন। আর যার আমল নিজেকে ধীর গতি সম্পন্ন করেছে তাকে তার বংশীয় মর্যাদা এগিয়ে দিতে পারবে না। তথা আমলে পিছিয়ে থাকলে বংশীয় মর্যাদার গুণে সামনের দিকে অগ্রসর হতে পারবে না। (মুসলিম,প্রথমে ও পরে বর্ধিত অংশ সহ, যিকর্ ও দু‘আ অধ্যায়,হা/৩৮, আবুদাউদ এই শব্দে সংকলন করেছেন। দেখুনঃ আবুদাঊদ ইলম অধ্যায়,হা/৩৬৪৩)।

3-ivmj Qvjvjvû AvjvBwn Iqv mvjvg Gi evYxt

(إِذَا مَاتَ الإِنْسَانُ انْقَطَعَ عَنْهُ عَمَلُهُ إِلاَّ مِنْ ثَلاَثَةِ أَشْيَاءَ: مِنْ صَدَقَةٍ جَارِيَةٍ أَوْ عِلْمٍ يُنْتَفَعُ بِهِ أَوْ وَلَدٍ صَالِحٍ يَدْعُو لَهُ) [رواه مسلم ، كتاب الوصية، باب ما يلحق الإنسان من الثواب بعد وفاته، حديث رقم 1631]

‘মানুষ যখন মৃত্যু বরণ করে তখন তার আমল তার থেকে বিচ্ছিন্ন হয়ে যায় তবে তিনটি বস্তুর কথা ভিন্ন (সেগুলির নেকী কর্তিত হয় না)। প্রবাহ মান-স্থায়ী সদকা, এমন ইলম যা দ্বারা উপকৃত হওয়া যায়, এমন সৎ সন্তান যে তার জন্য দু‘আ করে।’ (মুসলিম, ওছিয়্যত অধ্যায়, হা/১৬৩১)।

4-ivmj Qvjvjvû AvjvBwn Iqv mvjvg Gi evYxt

(فَضْلُ الْعِلْمِ خَيْرٌ مِنْ فَضْلِ الْعِبَادَةِ وَخَيْرُ دِيْنِكُمُ الْوَرْعُ).

ÔBj‡gi AwZwi³Zv, Bev`‡Zi AwZwi³Zv A‡c¶v DËg- Avi Øx‡bi gj I †gŠwjK welq nj ZvKIqv-AvjvnfxwZ (বায়্যার এটিকে হাসান সনদে বর্ণনা করেছেন,ত্বাবারানী আল্ আওসাত গ্রন্থে সংকলন করেছেন। হাকেম এটিকে এই শব্দে ‘আর তোমাদের ধর্মের উত্তম বিষয় হল তাক্বওয়া-আল্লাহভীতি, হাকেম,ইলম অধ্যায়,হা/৩১৪। এটিকে হাকেম ছহীহ বলেছেন, যাহাবী তাঁর সমর্থন করেছেন। এবং আলবানী রহ. এটিকে ছহীহুল জামে’ গ্রন্থে হা/৪২১৪ ছহীহ বলেছেন)।

5-ivmj Qvjvjvû AvjvBwn Iqv mvjvg Gi evYx:

(مَنْ غَدَا إِلَى الْمَسْجِدِ لَا يُرِيْدُ إِلَّا لِيَتَعَلَّمَ خَيْراً أَوْيُعَلِّمَهُ كَانَ لَهُ كَأَجْرِ مُعْتَمِرٍ تَّامِّ الْعُمْرَةِ، فَمَنْ رَاحَ إِلَى الْمَسْجِدِ لَا يُرِيْدُ إِلَّا لِيَتَعَلَّمَ خَيْراً أَوْ يُعَلِّمَهُ فَلَهُ أَجْرِ حَاجٍّ تَامِّ الحَجَّةِ)[أخرجه الحاكم، كتاب العلم رقمه 311، وصححه على شرط البخاري ووافقه الذهبي. ورواه الطبراني بلفظ: من غدا إلى المسجد لا يريد إلا أن يتعلم خيراً أو يعلمه كان له كأجر حاج تاماً حجته. وهو في صحيح الترغيب رقم 86، وقال حسن صحيح].

যে ব্যক্তি সকালে মসজিদের দিকে রওয়ানা হবে কোন কল্যাণ শিক্ষা করার জন্য বা শিক্ষা দেওয়ার জন্য, তাহলে সে একজন পূর্ণাঙ্গ উমরাহ্কারীর মত নেকী অর্জন করবে। আর যে ব্যক্তি সন্ধাকালীন মসজিদ অভিমুখে বের হবে শুধু মাত্র কল্যাণ শিক্ষা করার জন্য বা শিক্ষা দেওয়ার জন্য সে পূর্ণাঙ্গ হজকারীর ন্যায় নেকী পাবে। (হাকেম,ইলম অধ্যায়,হা/৩১১,হাকেম এটিকে বুখারীর শর্তানুযায়ী ছহীহ বলেছেন এবং যাহাবী তাঁর সমর্থন করেছেন। তাবারানী হাদীছটি এই শব্দে বর্ণনা করেছেন: ‘যে ব্যক্তি সকালে একমাত্র কল্যাণ শিক্ষা করা বা কল্যাণ শিক্ষা দেওয়ার জন্য মসজিদ অভিমুখে বের হবে সে একজন পূর্ণাঙ্গ হজকারীর ন্যায় নেকী পাবে।’ হাদীছটি ছহীহ তারগীবে ৮৬ নম্বরে বিধৃত হয়েছে। সংকলক বলেন: হাদীছটি হাসান ও ছহীহ)।

Bj‡gi dhxjZ m¤ú‡K mvjv‡d Qv‡jnx‡bi wKQ Dw³ :

মু‘আয বিন জাবাল (রাঃ) বলেনঃ এই ইলম দ্বারাই আত্মীয়তার সম্পর্ক রক্ষা করা হয়, হারাম থেকে হালাল চেনা যায়। ইলম হল ইমাম স্বরূপ এবং তার উপর আমল করা হল তার মুক্তাদী বা অনুসারী। এটি সৌভাগ্যশীলদেরকে ইলহাম করা হয় এবং হতভাগ্যদেরকে ইহা থেকে বঞ্চিত রাখা হয়।

*Bgvg Avngv` web nv¤^j in. e‡jbt মানুষ পানাহারের চেয়েও এই ইলমের দিকে বেশী মুখাপেক্ষী। কারণ এক ব্যক্তি দৈনিক এক বার বা দুই বার পানাহারের প্রয়োজনীয়তা অনুভব করে। অথচ তার ইলমের প্রয়োজন হয়ে থাকে তার শাস-নিঃশ্বাসের সংখ্যা পরিমাণ।

Beb Avex nv‡Zg in. e‡jbt আমি মুযানীকে বলতে শুনেছি তিনি শাফেঈকে লক্ষ্য করে বলেছেন: আপনার ইলমের প্রতি চাহিদা কিরূপ? তিনি বললেন: নতুন কোন কোন অক্ষর বা বাক্য শুনলে আমার সমস্ত অঙ্গ-প্রতঙ্গ এই আশা করে যে তাদের যদি শ্রবণ শক্তি হত তাহলে তারাও আনন্দবোধ করত যেভাবে দুই কান আনন্দ উপভোগ করে থাকে। তাঁকে বলা হলঃ ইলমের প্রতি আপনার আকর্ষণ কেমন? তিনি বললেনঃ যেমন ভাবে একজন ধন সঞ্চয়কারী কৃপণ ব্যক্তি ধন সংগ্রহে লালায়িত থাকে ঠিক তদ্রূপ আমি ইলমের ক্ষেত্রে লালায়িত। তাঁকে প্রশ্ন করা হল: আপনি এই ইলম কিভাবে অর্জন করেন? তিনি বললেন: যেরূপ কোন মহিলা তার একমাত্র সন্তানটিকে হারিয়ে তালাশ করতে থাকে সেরূপ আমি ইলম অন্বেষণ করি।

Bjg A‡šlbKvixi wKQ welq j¶¨ ivLv Ievn Re:

1-Avj BLjvQ: Z_v ïa Avjvn‡K Lkx Kivi Rb¨ KvR Kiv|

ইলম অর্জনকারীর জন্য আবশ্যক যে সে ইলম অর্জনের বিষয়টি –অন্যান্য বিষয়ের মত আল্লাহ তাআলার জন্য খালেছ করবে। কারণ নবী কারীম সা. ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম থেকে বিশুদ্ধভাবে প্রমাণিত আছে তিনি বলেনঃ

(مَنْ تَعَلَّمَ عِلْمًا مِمَّا يُبْتَغَى بِهِ وَجْهُ اللهِ- عَزَّ وَجَلَّ- لاَ يَتَعَلَّمُهُ إِلاَّ لِيُصِيبَ بِهِ عَرَضًا مِنَ الدُّنْيَا لَمْ يَجِدْ عَرْفَ الْجَنَّةِ يَوْمَ الْقِيَامَةِ)[أخرجه أبوداود، كتاب العلم،باب في طلب العلم لغير الله تعالى، حديث:3664، وابن ماجة في المقدمة باب 23، حديث 252، وصححه الألباني في صحيح ابن ماجة، وذكره الحاكم وصححه و وافقه الذهبي، كتاب العلم حديث (2/288).

যে ইলম দ্বারা আল্লাহর সন্তুষ্টি কামনা করা হয় এরূপ ইলম যে শিক্ষা করবে দুনিয়ার কোন স্বার্থ লাভের আশায় তাহলে সে (জান্নাতে যাওয়া দূরের কথা) জান্নাতের ঘ্রাণও পাবে না। (আবুদাউদ,ইলম অধ্যায়,হা/৩৬৬৪,ইবনু মাজাহ,ভূমিকা,হা/২৫২,হাদীছটিকে আলবানী ছহীহ ইবনু মাজায় ছহীহ বলেছেন। হাকিম এটিকে উল্লেখ পূর্বক ছহীহ বলেছেন এবং যাহাবী তাঁর সমর্থন করেছেন। দ্রঃ হাকিম,ইলম অধ্যায়,হাদীছ নং ২৮৮/১)।

নবী কারীম ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেনঃ

‘কিয়ামতে যাদের দ্বারা জাহান্নামকে প্রজ্জলিত করা হবে তারা হল তিন ব্যক্তি। এদের মধ্যে নবী কারীম ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম ঐ আলেমের কথা উল্লেখ করেছেন যে নিজ ইলম দ্বারা মানুষের প্রশংসা ও তাদের গুণর্কীতর্ন আশা করে ছিল (আল্লাহর সন্তুষ্টি আশা করেনি)...

(হাদীছটি বিস্তারিতভাবে জানার জন্য দেখুন ছহীহ মুসলিম, ইমারত অধ্যায়, অনুচ্ছেদঃ যে ব্যক্তি লোক দেখানো বা শুনানোর জন্য জিহাদ করে। হা/১৯০৫,তিরমিযী.ইলম অধ্যায়,হা/২৬৫৪,আলবানী এটিকে হাসান বলেছেন।

bex Kixg Qvjvjvû AvjvBwn Iqv mvjvg Avil e‡jb:

(من طلب العلم ليماري به السفهاء أو ليباهي به العلماء أو ليصرف وجوه الناس إليه فهو في النار)[أخرجه ابن ماجة وقال عنه الألباني في صحيح ابن ماجة في المقدمة باب (23) رقم الحديث 207) حديث حسن]

‘যে ব্যক্তি ইলম অর্জন করবে নির্বোধদের সাথে তর্ক-বিতর্ক করা জন্য বা আলেমদের সামনে অহংকার প্রদর্শনের জন্য অথবা মানুষের আকর্ষণ নিজের দিকে নিবদ্ধ রাখার জন,্য তাহলে সে জাহান্নামে যাবে।’ (ইবনু মাজাহ,হা/২৫৩, ইমাম আলবানী এটিকে হাসান হাদীছ বলেছেন। ছহীহ ইবনু মাজাহ্, ভূমিকা,অনুচ্ছেদ নং ২৩,হাদীছ নং২০৭)।

2- Bjg Abhvqx Avgj Kivt

আলেমের উচিত নিজ ইলম অনুযায়ী আমল করা। মহান আল্লাহ্ বলেনঃ

يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا لِمَ تَقُولُونَ مَا لا تَفْعَلُونَ (2) كَبُرَ مَقْتاً عِنْدَ اللهِ أَنْ تَقُولُوا مَا لا تَفْعَلُونَ (3)[الصف]

‘হে ঈমানদারগণ! তোমরা যা কর না তা বল কেন? নিশ্চয় আল্লাহর নিকট বড়ই ক্রোধের বিষয় এটা যে, তোমরা যা করবে না তা বলে বেড়াবে। (সূরা আছ্ ছাফ : ২-৩)

মহা পবিত্র আল্লাহ্ শুআইব-আলাইহিস্ সালাম-এর বক্তব্য উল্লেখ করেনঃ

(وَمَا أُرِيدُ أَنْ أُخَالِفَكُمْ إِلَى مَا أَنْهَاكُمْ عَنْهُ) [هود:88]

‘আর আমি তো চাই না যে, যা থেকে আমি তোমাদেরকে নিষেধ করি তোমাদের বিরোধিতা করে আমি তাই করে বসব।’ (সূরা হূদ : ৮৮)

Avjx iwhqvjvû Avbû e‡jbt

(هتف العلم بالعمل فإن أجابه وإلا ارتحل) [اقتضاء العلم العمل للخطيب البغدادي بتحقيق الألباني-رحمه الله].

‘ইলম আমলকে আহ্বান করে থাকে, যদি সে তার ডাকে সাড়া দেয় তো ভাল কথা নতুবা সে প্রস্থান করে-তথা বিদায় নিয়ে যায়। (খত্বীব বাগদাদী প্রণীত আলবানী (রহ.) এর তাহক্বীক্ব ‘ইকতিযাউল ইলমিল আমাল’)।

3- Bjg ARbKvixi DwPZ dZIqv †` Iqvi wel‡q Zvovûov bv Kivt

আলেম ও ইলম অন্বেষনকারীদের উচিত যে, তারা যা জানবেন কেবল সে অনুযায়ীই জবাব দেবেন। আর তাদের কর্তব্য হল (অজানা বিষয়ে) ‘আমরা জানি না’ বলতে সঙ্কোচ বোধ না করা। এটা সালাফে ছালেহীনের অভ্যাস ও পদ্ধতি। ইবনু মাসঊদ রা. থেকে বর্ণিত, তিনি বলেনঃ হে জনগণ! আপনাদের মধ্য হতে কাউকে যদি এমন ইলম সম্পর্কে জিজ্ঞাসা করা হয় যা তার জানা আছে তবে সে যেন তা বলে। আর যার নিকটে সে বিষয়ে ইলম নেই সে যেন বলেঃ ‘আল্লাহই বেশী অবগত’। নিশ্চয় বরকতময় মহান আল্লাহ্ তাঁর নবী ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম কে লক্ষ্য করে বলেছেনঃ

قُلْ مَا أَسْأَلُكُمْ عَلَيْهِ مِنْ أَجْرٍ وَمَا أَنَا مِنَ الْمُتَكَلِّفِينَ (86) [ص]

আপনি বলুন! আমি তো দাওয়াতের উপর তোমাদের নিকট কোন বিনিময় চাই না। এবং আমি লৌকিকতা প্রদর্শনকারীদের অন্তর্ভুক্ত নই।’ (সূরা ছোওয়াদঃ৮৬)

অপর বর্ণনায় ইবনু মাসঊদ-রাযিয়াল্লাহু আনহু-বলেনঃ ইহাই একজন ব্যক্তির জ্ঞানের পরিচায়ক যে, যে বিষয়ে তার ইলম নেই সে সম্পর্কে বলবেঃ ‘আল্লাহ্ই সর্বাধিক অবগত।’(জামেঊ বায়ানিল ইলম ২/৫২)।

দারেমীর বর্ণনায় ইবনু মাসঊদ -রাযিয়াল্লাহু আনহু-বলেনঃ নিশ্চয় যে ব্যক্তি মানুষদের প্রত্যেক জিজ্ঞাসকৃত বিষয়ে ফতওয়া দেয় সে অবশ্যই একজন পাগল। ইবনু আব্দিল বার বর্ধিত করে বলেনঃ আমাশ বলেছেন, আমি এ কথাটি হাকাম বিন উতায়বাহ্ এর নিকট উল্লেখ করলে তিনি বলেনঃ যদি আমি এটা আপনার নিকট ইতো পূর্বে শুনতাম তাহলে আমি জিজ্ঞাসাকৃত প্রত্যেকটি বিষয়ে ফতওয়া দিতাম না (জামেঊ বায়ানিল ইলম ৫৫/২)।

ইমাম দারেমী আলী (রাযিয়াল্লাহু আনহু) থেকে বর্ণনা করেন,তিনি বলেনঃ

যদি তোমাদেরকে এমন বিষয় সম্পর্কে জিজ্ঞাসা করা হয় যে সম্পর্কে তোমাদের জানা নেই তাহলে পলায়ন কর। তাঁরা বললেনঃ কিভাবে পলায়ন করব হে আমীরুল মুমিনীন? তিনি বললেনঃ তোমরা বলবেঃ 'আল্লাহ্ সর্বাধিক অবগত।'(জামেঊ বায়ানিল ইলম ৫৫/২)।

ইবনু আব্দিল বার মুজাহিদ থেকে বর্ণনা করেন, তিনি বলেনঃ ইবনু উমার রাঃ কে ফারায়েয এর একটি গুরুত্বপূর্ণ মাসআলাহ্ সম্পর্কে জিজ্ঞাসা করা হলে তিনি বললেনঃ আমি জানি না। এরই প্রেক্ষিতে তাকে বলা হল, আপনাকে প্রশ্নের জবাব দিতে কিসে বাধা দিচ্ছে? তখন তিনি বললেনঃ ইবনু উমারকে এমন একটি বিষয় সম্পর্কে জিজ্ঞাসা করা হয়েছে যা তার জানা নেই, তাই বলেছেন, 'আমি জানি না।' (জামেঊ বায়ানিল ইলম ৫৩/২)।

অনুরূপভাবে ইবনু আব্দিল বার উক্ববাহ বিন মুসলিম থেকে বর্ণনা করেন, তিনি বলেন. আমি ৩৪ টি মাস ইবনু উমার (রাঃ) এর সাথে থেকেছি। তাঁকে জিজ্ঞাসা করা হলে অধিকাংশ সময় তিনি বলতেন. আমি জানি না। এরপর আমার দিকে মুখ করে বলতেনঃ তুমি জান এরা কী বলতে চায়? এরা চায় আমাদের পৃষ্ঠদেশকে জাহান্নামের উপরের ব্রীজ বানাতে। (যার উপর দিয়ে তারা জাহান্নাম অতিক্রম করে যাবে) (জামেঊ বায়ানিল ইলম,৫৪/২)।

ইবনু আব্দিল বার হাম্মাদ বিন যায়দ এর সূত্রে আইয়ূব থেকে বর্ণনা করেন, তিনি বলেন. মিনায় আব্দুল্লাহ ইবনুল ক্বাসিম এর নিকট ব্যাপক আকারে লোক সমবেত হয়ে তাকে প্রশ্ন করতে শুরু করে। আর তিনিও উত্তর দিতে থাকেন: আমি জানি না। অতঃপর বলেন, আল্লাহর কসম! আপনাদের সকল প্রশ্নের উত্তর আমাদের জানা নেই। আমাদের জানা থাকলে কখনই আপনাদের থেকে তা গোপন রাখতাম না। আর আমাদের জন্য আপনাদের নিকট জানা বিষয় গোপন রাখাও বৈধ নয়। (জামেঊ বায়ানিল ইলম ৫৪/২)।

4-f j dvrIqv †_‡K wd‡i Avmv :

ইলম অন্বেষনকারীর কর্তব্য হল এই বিষয়টি জেনে রাখা যে, সে আল্লাহ্ রাব্বুল আলামীনের পক্ষ থেকে তাঁর ফতওয়ায় স্বাক্ষর করছে। এজন্যই ইবনুল ক্বায়্যিম রহিমাহুল্লাহ্ একটি কিতাব রচনা করেছেন। তার নাম দিয়েছেনঃ 'আলামুল মুওয়াক্বক্বিঈন আন্ রাব্বিল আলামীন' যার অর্থ হল, 'রাব্বুল আলামীনের পক্ষ থেকে যারা দস্তখতকারী তাদের জ্ঞাতব্য।

মহান আল্লাহ বলেনঃ

(قُلْ إِنَّمَا حَرَّمَ رَبِّيَ الْفَوَاحِشَ مَا ظَهَرَ مِنْهَا وَمَا بَطَنَ وَالْأِثْمَ وَالْبَغْيَ بِغَيْرِ الْحَقِّ وَأَنْ تُشْرِكُوا بِاللهِ مَا لَمْ يُنَزِّلْ بِهِ سُلْطَاناً وَأَنْ تَقُولُوا عَلَى اللهِ مَا لا تَعْلَمُونَ) [الأعراف:33]

আপনি বলুন, আমার প্রতিপালক প্রকাশ্য ও গোপনীয় অশ্লীল বিষয়কে হারাম করেছেন। আর তিনি হারাম করেছেন, তোমাদের আল্লাহর শরীক করাকে - যার কোন সনদ তিনি অবতীর্ণ করেননি। তোমাদের জ্ঞান ব্যতিরেকে আল্লাহর ব্যাপারে কথা বলাও তিনি হারাম করেছেন। (সূরা আল আরাফঃ ৩৩)।

অতএব আলেম, তালেবে ইলম প্রত্যেকেরই উচিত নিজ ঐ ফতওয়া থেকে ফিরে আসা যখনই তার ভ্রান্তি প্রকাশ পাবে এবং তার কথার বিপরীতে হক উদ্ভাসিত হয়ে উঠবে।

সালাফে ছালেহীন থেকে তাদের পূর্ব ভুল ফতওয়া থেকে ফিরে আসার বর্ণনা পাওয়া যায়। ইবনু আব্দিল বার সুফইয়ান থেকে বর্ণনা করেন, তিনি বলেন, ইবনু আব্বাস ও যায়েদ বিন ছাবিত ঋতুবতী মহিলা সম্পর্কে মতবিরোধ করেন যে মহিলা মক্কা ত্যাগ করতে চায় (বিদায়ী তওয়াফ ছাড়া)। যায়েদ বলেন. সে বিদায় হতে পারবে না যে পর্যন্ত না তার শেষ মুহূর্তটি বায়তুল্লাহ দিয়ে (তাওয়াফ) অতিক্রান্ত হবে। এটা শুনে ইবনু আব্বাস যায়েদকে বললেনঃ আপনি আপনার মহিলাদেরকে তথা উম্মু সুলাইমান ও

তার সঙ্গিনীদেরকে জিজ্ঞাসা করুন। একথা শুনে যায়েদ গিয়ে তাঁর মহিলাদেরকে জিজ্ঞাসা করলেন অতঃপর হাসতে হাসতে ফিরে আসলেন এবং বললেনঃ তোমার কথাটিই সঠিক।...[৭]

5-mbv‡Zi AbmiY I ZvKjx` cZ¨vL¨vb KiYt

ইলম অন্বেষনকারীর উচিত যেন তার মুখ্য উদ্দেশ্য হয় নবীর সুন্নাহর অনুসরণ এবং কোন আলেম বা গ্রন্থকার বা মাযহাবের অন্ধভাবে অনুসরণ না করা। মহান আল্লাহ্ বলেনঃ

(اتَّبِعُوا مَا أُنْزِلَ إِلَيْكُمْ مِنْ رَبِّكُمْ وَلَا تَتَّبِعُوا مِنْ دُونِهِ أَوْلِيَاءَ قَلِيلاً مَا تَذَكَّرُونَ) [الأعراف:3]

'তোমরা তারই অনুসরণ কর যা তোমাদের নিকট তোমাদের প্রতিপালকের পক্ষ থেকে অবতীর্ণ করা হয়েছে। তা বাদ দিয়ে ওলী-আওলিয়াদের অনুসরণ কর না। তোমরা তো খুব কমই উপদেশ গ্রহণ করে থাক।' (সূরা আল্ আরাফঃ৩)

মহান আল্লাহ্ আরো বলেনঃ

(وَيَوْمَ يُنَادِيهِمْ فَيَقُولُ مَاذَا أَجَبْتُمُ الْمُرْسَلِينَ)[القصص:65]

'(আল্লাহ)যখন তাদেরকে ডাক দিয়ে বলবেনঃ তোমরা রাসূলদের কী জবাব দিয়েছিলে? (সূরা আল কাসাসঃ ৬৫)

আল্লাহ্ একথা বলেননি যে, তোমরা ওমুক তমুককে কী জবাব দিয়েছিলে? যখন তাদের কথা আল্লাহ্ ও তদীয় রাসূলের কথার বিপরীত হয়? তাই ইলম অন্বেষনকারীর উচিত যেন তার স্বভাব জাহেলী স্বভাব তুল্য না হয়। যে জাহেলী স্বভাবের শ্লোগান হলঃ

وما أنا إلا من غزية إن غوتْ غويتُ وإن ترشد غزية أرشد

আমি তো 'গাযিয়া' প্রেমিকার অংশ বিশেষ। অতএব যদি সে পথভ্রষ্ট হয় আমিও পথভ্রষ্ট হব, আর যদি সে সুপথে পরিচালিত হয় আমিও সুপথে পরিচালিত হব।

মাযহাবী গোঁড়ামী কঠিনভাবে বৃদ্ধি লাভ করেছে, অথচ দেখা যায় যে, কোন কোন মাসআলায় বিরোধীতাকারীর মাযহাবের বিপরীত কথাটাকে সত্য হিসাবে পাওয়া যায়। কারণ সেমর্মের দলীল একেবারেই স্পষ্ট। এজন্যই সকল ইমাম তাদের অন্ধ অনুসারীদের থেকে নিজেদের সম্পর্কচ্ছেদের ঘোষণা দিয়েছেন। এবং স্পষ্টভাবেই বলে দিয়েছেন যে, হক বিষয়টিই তাদের মুখ্য উদ্দেশ্য এবং হাদীছ হল তাদের মাযহাব এবং আল্লাহর সন্তুষ্টি তাদের লক্ষ্য ও উদ্দেশ্য।

Avcbvi wbKU Hg‡g Zv‡`i †_‡K ewYZ wKQ Dw³ †ck Kiv njt

1-Bgvg Ave nvbxdv in. তার সহচরবৃন্দ তাঁর থেকে বিভিন্ন বাণী উদ্ধৃত করেছেন যেগুলোর সবটুকুই হাদীছ গ্রহণ ও তাক্বলীদ বর্জনের প্রতি আহ্বান করে। তিনি বলেনঃ

(إِذَا صَحَّ الحَدِيْثُ فَهُوَ مَذْهَبِيْ)[ذكره ابن عابدين في الحاشية 63/10].

'হাদীছ ছহীহ প্রমাণিত হলে সেটাই আমার মাযহাব। (হাশিয়া ইবনু আবেদীন ১০/৬৩)।

ইমাম আবু হানীফা রহ. আরও বলেনঃ

(لَا يَحِلُّ لِأَحَدٍ أَنْ يَأْخُذَ بِقَوْلِنَا مَالمَ يَعْلَمْ مِنْ أَيْنَ أَخَذْنَاهُ)[ذكره ابن عبد البر في الانتقاء ص 145، وابن القيم في إعلام الموقعين 309/2]

'কোন ব্যক্তির জন্য হালাল নয় আমাদের কথা গ্রহণ করবে, যতক্ষণ না সে জেনে নেবে আমরা তা কোত্থেকে গ্রহণ করেছি। (ইবনু আব্দুল বার প্রণীত 'আল্ ইন্তিক্বা,পৃঃ১৪৫,ইবনুল ক্বায়্যিম প্রণীত 'ইলামুল মুওয়াক্কিঈন ২/৩০৯)।

---

[7] এর পর লেখক উমার ইবনুল খাত্তাবের একটি যঈফ আছার উল্লেখ করেছিলেন,তা যঈফ হওয়ার জন্যই অনুবাদ করিনি।

অপর বর্ণনায় এসেছে, তিনি বলেনঃ

(حَرَامٌ عَلَى مَنْ لَمْ يَعْرِفْ دَلِيْلِيْ أَنْ يُفْتِيَ بِكَلَامِيْ) [ذكره ابن عبد البر في الانتقاء ص 145، وابن القيم في الإعلام309/2]

যে আমার দলীল-প্রমাণ জানে না তার জন্য আমার কথার অনুসরণে মতে ফতওয়া দেওয়া হারাম।' (ইবনু আব্দুল বার প্রণীত 'আল্ ইন্তিক্বা,পৃঃ১৪৫,ইবনুল ক্বায়্যিম প্রণীত 'ইলামুল মুওয়াক্কিঈন ২/৩০৯)।

আরেকটি বর্ণনায় এসেছে, তিনি বলেন :

(ويحك يا أبا يعقوب-وهو أبو يوسف صاحبه-لا تكتب كل ما تسمع مني، فإني قد أرى الرأي اليوم وأتركه غداً، وأرى الرأي غداً وأتركه بعد غدٍ)[ذكره ابن عبد البر في الانتقاء ص 145، وابن القيم في الإعلام309/2].

হে আবু ইয়াকূব! (তাঁরই শিষ্য আবু ইউসুফ) আমার থেকে যা শুন তার সবটুকুই লিখে নিও না, কারণ হতে পারে আজকে আমি যে মত ব্যক্ত করলাম, আগামীকাল তা পরিত্যাগ করব। আবার আগামী কাল যে মত ব্যক্ত করব, তা আগামী পরশু পরিত্যাগ করব। (এটি ইবনু আব্দিল বার তাঁর সুবিখ্যাত কিতাব 'আল্ ইন্তিক্বা'এর ১৪৫ পৃষ্ঠায় উল্লেখ করেছেন, এবং ইবনুল ক্বায়্যিম তাঁর ইলামুল মুওয়াক্কিঈন কিতাবে ২/৩০৯ উল্লেখ করেছেন)।

Ave nvbxdv iwngvûjvn Avi I e‡jbt

(إذا قلت قولا يخالف كتاب الله وخبر الرسول –صلى الله عليه وسلم-فاتركوا قولي) [النافع الكبير لأبي الحسنات ص 135].

'আমি যদি এমন কথা বলে থাকি যা আল্লাহর কিতাব ও নবী ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের হাদীছের পরিপন্থী তাহলে আমার কথা অবশ্যই তোমরা পরিত্যাগ করবে।' (আবুল হাসানাত-আব্দুল হাই লাক্ষ্ণৌভি প্রণীত 'আন্ নাফিউল কাবীর,পৃঃ১৩৫)।

2-Bgvg gwjK Beb Avbvm iwngvûjvnt

তাঁর থেকে বর্ণিত হয়েছে, তিনি বলেনঃ

(إنما أنا بشر أخطئ وأصيب فانظروا في رأيي فكل ما وافق الكتاب والسنة فخذوه وكل ما لم يوافق الكتاب والسنة فاتركوه)[ذكره ابن حزم في أصول الأحكام 149/6]

'আমি তো একমজন মানুষ মাত্র। আমি ভুল করি, শুদ্ধও করি। অতএব আমার মতামত ভাল করে লক্ষ্য করবে। যে সকল মতামত কুরআন ও সুন্নাহর অনুকুল হবে তা তোমরা গ্রহণ করবে আর যেসব মতামত কুরআন ও সুন্নাহর প্রতিকূল হবে তা প্রত্যাখ্যান করবে। (ইবনু হাযম প্রণীত'উছূলুল আহকাম ৬/১৪৯)।

তিনি আরও বলেনঃ

(ليس بعد النبي-صلى الله عليه وسلم-إلا ويؤخذ من قوله ويترك)[ذكره ابن عبد الهادي في إرشاد السالك-277/2]

'নবী কারীম ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর পর এমন কেউই নেই যার সবকিছু গ্রাহ্য হবে আর তার কোন কথা প্রত্যাখ্যাত হবে না।' (ইবনু আব্দিল হাদী প্রণীত 'ইরশাদুস্ সালিক, ২/২৭৭)।

3-Bgvg kv‡dC iwngvûjvn t

wZwb e‡jbt

(ما من أحد إلا وتذهب عليه سنة للرسول-صلى الله عليه وسلم-وتعزب عنه، فمهما قلتُ من قـول أو أصلت من أصلٍ فيه عن رسول الله صلى الله عليه وسلم خلاف ما قلتُ، فالقول ما قاله رسول الله-صلى الله عليه وسلم-وهو قولي ودعوا ما قلتُ. وفي رواية: (فاتبعوها ولا تلتفتوا إلى قول أحد)[الهروي في ذم الكلام 47/3، النووي في المجموع 63/1، الإيقاظ ص 100]

'প্রত্যেক ব্যক্তিই এমন, যার উপর রাসূল এর কিছু সুন্নাত চলে যাবে এবং গায়েব থাকবে, অতএব আমি যে কথাই বলি না কেন, বা যে কায়দা-নীতিই প্রণয়ন করিনা কেন; যদি সে বিষয়ে রাসূলুল্লাহ্ ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম থেকে আমার কথার বিপরীত কথা বর্ণিত হয় তবে রাসূলুল্লাহ ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম যে কথা বলেছেন সেটাই সঠিক। ইহা আমারও কথা। আর আমার পূর্বের কথাটি তোমরা প্রত্যাখ্যান করবে। অপর বর্ণনায় এসেছে, 'সে সময় তোমরা তারই অনুসরণ করবে, এবং অন্য কারও কথার দিকে দৃষ্টি দেবে না। (হেরাভী প্রণীত যাম্মুল কালাম ৩/৪৭,নাওয়াভী প্রণীত'আল্ মাজমূ'১/৬৩,ফুল্লানী প্রণীত'আল্ ঈক্বায,পৃঃ১০০)।

wZwb Av‡iv e‡jb :

(كل ما قلتُ فكان عن النبي-صلى الله عليه وسلم-خلاف قولي بما يصح فحديث رسول الله أولى فلا تقلدوني)[رواه ابن أبي حاتم في الأدب ص 93، وابن عساكر 152/10]

'আমার বলা যে সব কথার বিপরীতে নবী ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম থেকে বিশুদ্ধ বাণী পাওয়া যাবে, তখন মনে করবে রাসূলুল্লাহর হাদীছই বেশী উত্তম-অগ্রগণ্য, অতএব তোমরা আমার অনুসরণ করবে না। (ইবনু আবী হাতেম প্রণীত 'আল্ আদাব',ইবনু আসাকির প্রণীত '১০/১৫২)।

4-Bgvg Avngv` Beb nv¤^j (ivngvZzjøvn)t

Zvi †_‡K ewYZ n‡q‡Q,wZwb e‡jbt

(لا تقلدني ولا تقلد مالكا ولا الشافعي ولا الأوزاعي ولا الثوري وخذ من حيث أخذوا)[ذكره ابن القيم في الإعلام 302/2، والفلاني –في الإيقاظ- 113]

'তুমি আমার অনুসরণ কর না। মালেক, শাফেঈ, আওযাঈ, ছাওরী প্রমুখেরও অনুসরণ কর না। বরং তাঁরা যেখান থেকে (শরী'আতের বিধি-বিধান) গ্রহণ করেছেন তুমিও ঠিক সেখান থেকেই গ্রহণ কর। (ইবনুল ক্বায়্যিম প্রণীত'আল্ ইলাম,২/৩০২,ফুল্লানী প্রণীত 'আল্ ঈক্বায' ১১৩)।

Aci eYbvq wZwb e‡jbt

(لا تقلد دينك أحداً من هؤلاء، ما جاء عن النبي صلى الله عليه وسلم- وأصحابه فخذ به، ثم التابعين بعد فالرجل فيه مخير)[ذكره أبو داود في مسائل الإمام أحمد ص 276، 277].

তাদের তথা ইমামদের মধ্য হতে কারই তাক্বলীদ-অন্ধ অনুসরণ-করবে না। নবী ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম ও তাঁর ছাহাবীদের থেকে যা এসেছে তা গ্রহণ কর, অতঃপর তাবেঈদের বিষয়ে ব্যক্তির স্বাধীনতা রয়েছে (ইচ্ছা করলে তাদের কথা সে গ্রহণ করতে পারে আবার বর্জনও করতে পারে)
(আবুদাউদ এটিকে মাসায়েলুল ইমাম আহমাদ' পৃঃ২৭৬-২৭৭ এ উল্লেখ করেছেন)।

Bgvg Avngv` in. Av‡iv e‡jbt

(رأي الأوزاعي و رأي مالك ورأي أبي حنيفة كله رأي، وهو عندي سواء، وإنما الحجة في الآثار)[ذكره ابن عبد البر في الجامع 149/2]

‘আওযাঈর রঅভিমত, মালেক এর অভিমত, আবু হানীফার অভিমত এগুলোই সবই অভিমত যা আমার নিকট সমান। প্রকৃত প্রমাণ হল আছার তথা রাসূল ছাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের হাদীছ।
(ইবনু আব্দিল বার প্রণীত ‘জামিঊ বায়ানিল ইলমি ওয়া ফাযলিহি’২/১৪৯)।
wZwb Av‡iv e‡jbt

(من رد حديثاً لرسول الله صلى الله عليه وسلم فهو على شفا هلكة)[ذكره ابن الجوزي في مناقب الإمام أحمد-رحمه الله-182]

‘যে ব্যক্তি রাসূলুল্লাহ্ ছাল্লাল্লাহু আলাহি ওয়া সাল্লামের এর কোন হাদীছ প্রত্যাখ্যান করবে সে অবশ্যই ধ্বংসের দ্বার প্রান্তে উপনীত। (ইবনুল জাওযী প্রণীত ‘মানাক্বিবুল ইমাম আহমাদ রহিমাহুল্লাহ-১৮২)

এই যদি হয় মাযহাবসমূহের ইমামগণের তরীকা তবে তো আপনার তাদের বিরোধী হওয়া উচিত নয়। তবে ইহার অর্থ এই নয় যে, তাদের কথা গ্রহণ করা যাবে না, তাদের সমধিক দলীল সম্মত কথাটিও অনুসরণ করা যাবে না। বিষয়টিতে কখনো বাড়াবাড়ি ও ত্রুটি, কোনটিই করা যাবে না।

*wKQ Av`e-wkóvPvi hv Bjg A‡šlYKvix gv‡S we`¨gvb _vKv hiƒix

১-বিনয়-নম্রতা
২-নিজের ইলম জনগণের খেদমতে কাজে লাগান ও তা পরিশুদ্ধ করা।
৩-নীরবতাবলম্বন ও ধৈর্যধারণ
৪-নেতৃত্ব ও কতৃত্ব থেকে দূরে থাকা
এই বিষয়ে আরও অনেক কিছু রয়েছে যা ছেড়ে দিয়েছি কেবল বইয়ের কলেবর বৃদ্ধির আশংকায়।

Gwel‡q Avil AwaK Rvbvi Rb¨ cobt

১-আজুররী প্রণীত ‘ইখতিলাফুল উলামা’।
২-ইবনু আব্দিল বার প্রণীত ‘জামেঊ বায়ানিল ইলমি ওয়া ফাদলিহী’।
৩-ইবনুল ক্বায়্যিম প্রণীত ‘ইলামুল মুওয়াক্কিঈন’।
৪-আলবানীর তাহক্বীক্বে খত্বীব বাগদাদী প্রণীত ‘ইক্বতিযাউল ইলমিল আমালা।
৫-ইবনু মুফলিহ প্রণীত ‘আল্ আদাবুশ্ শারঈয়্যাহ।
৬-হামূদ তুওয়াইজিরী প্রণীত ‘তাগলীযুল মালাম।
৭-বাকর আবু যায়দ প্রণীত ‘হিলয়াতু ত্বালিবিল ইলম’।

Bj‡g Zvdmxi Z_v Zvdmxi wel‡qi fwgKv

ইলমে তাফসীর বিষয়ে কথা বলার পূর্বে কুরআনুল কারীমের ফযীলত এবং অন্যান্য আসমানী গ্রন্থাবলী প্রভৃতি বিষয়ে ইশরাহ্-ইঙ্গিত দেওয়া যরূরী।

c_gZt Avj KiAvb I Zvi msÁvt

মহাগ্রন্থ আল্ কুরআন হল আল্লাহর বাণী যা তাঁর রাসূল সা. এর প্রতি জিবরীলে আমীনের মাধ্যমে নাযিল করা হয়েছে। যার তিলাওয়াত-পঠনের মাধ্যমে ইবাদত করা হয় এবং যা আমাদের নিকট ধারাবাহিক সূত্রে বর্ণিত হয়েছে যার শব্দ ও আয়াত অলৌকিক বিষয়। এই মহাগ্রন্থ আল কুরআন-আল্লাহর প্রশংসা ও করুণায়-সমগ্র মানুষকে অন্ধকার থেকে আলোর দিকে স্থানান্তরকারী। ইহা আল্লাহর বাণী, এটি সৃষ্ট বস্তু নয়। মহান আল্লাহ্ বলেনঃ

وَإِنْ أَحَدٌ مِنَ الْمُشْرِكِينَ اسْتَجَارَكَ فَأَجِرْهُ حَتَّى يَسْمَعَ كَلامَ اللَّهِ ثُمَّ أَبْلِغْهُ مَأْمَنَهُ ذَلِكَ بِأَنَّهُمْ قَوْمٌ لا يَعْلَمُونَ **(6)**[التوبة]

'যদি কোন মুশরিক আপনার কাছে নিরাপত্তা তলব করে তাহলে তাকে নিরাপত্তা দিন যাতে সে আল্লাহর কালাম-বাণী শুনতে পায়। অতঃপর তাকে তার নিরাপদ স্থানে পৌঁছিয়ে দিন। ইহা এজন্যই যে তারা অজ্ঞজাতী। (সূরা আত্ তাওবাহ্ঃ৬)

মুসলিম উম্মত এই মহান গ্রন্থের উপর গভীরভাবে গুরুত্বারোপ করেছে। এই সেই কিতাব যা কাফেরদের গলাভ্যন্তরের কন্টকস্বরূপ এবং মুনাফিক ও অপরাধীদেরকে লাঞ্ছিতকারী। এই কুরআনের প্রতি মুসলিম উম্মত যথেষ্ট লক্ষ্য রেখেছে তিলাওয়াত, মুখস্ত করণ, আমল প্রভৃতির মাধ্যমে। আল্লাহ্ এই গ্রন্থের সংরক্ষণের দায়িত্বভার নিজেই নিয়েছেন। তাই তো মহান আল্লাহ্ বলেনঃ

إِنَّا نَحْنُ نَزَّلْنَا الذِّكْرَ وَإِنَّا لَهُ لَحَافِظُونَ **(9)**[الحجر]

'নিশ্চয়ই আমিই এই যিকর (কুরআন) কে নাযিল করেছি এবং আমিই এর সংরক্ষণকারী। (সূরা আল্ হিজর ঃ৯)

এজন্যই মুসলিম ব্যক্তির কর্তব্য হল, এই মহান গ্রন্থকে নিয়ে চিন্তা-গবেষণা করা। গভীরভাবে অর্থ জেনে বুঝে পাঠ করা। এজন্যই সে একটি আয়াত ততক্ষণ অতিক্রম করবে না যেযাবৎ তার অর্থ না বুঝবে এবং তদানুযায়ী আমল না করবে। মহান আল্লাহ্ বলেনঃ

أَفَلا يَتَدَبَّرُونَ الْقُرْآنَ أَمْ عَلَى قُلُوبٍ أَقْفَالُهَا (24)[محمد]

'তারা কুরআন নিয়ে চিন্তা-গবেষণা করে না কেন, নাকি তাদের অন্তর সমূহে তালা ঝুলানো রয়েছে?' (সূরা মুহাম্মাদঃ২৪)

মহান আল্লাহ্ আরও বলেনঃ

أَفَلا يَتَدَبَّرُونَ الْقُرْآنَ وَلَوْ كَانَ مِنْ عِنْدِ غَيْرِ اللَّهِ لَوَجَدُوا فِيهِ اخْتِلافاً كَثِيراً **(82)**[النساء]

'তারা কুরআন নিয়ে চিন্তা-গবেষণা করে না কেন? যদি তা আল্লাহ্ ভিন্ন অন্য কারও পক্ষ থেকে হত, তাহলে এর মাঝে অনেক মতভেদ দেখতে পেত।' (সূরা আন্ নিসা : ৮২)

সালাফে ছালেহীন কুরআনের মূল্য বুঝতে পেরেছিলেন বলেই তারা তা নিয়ে চিন্তা-গবেষণায় মত্ত হয়ে ছিলেন। নবী কারীম ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর ছাহাবীগণ দশটি আয়াত অতিক্রম করতেন না যে যাবৎ তারা তা মুখস্ত করে না নিতেন এবং তার উপর আমল না করতেন। মহান আল্লাহ্ বলেনঃ

إِنَّمَا الْمُؤْمِنُونَ الَّذِينَ إِذَا ذُكِرَ اللَّهُ وَجِلَتْ قُلُوبُهُمْ وَإِذَا تُلِيَتْ عَلَيْهِمْ آيَاتُهُ زَادَتْهُمْ إِيمَاناً وَعَلَى رَبِّهِمْ يَتَوَكَّلُونَ **(2)**[الأنفال]

'মুমিন তো তারাই যাদের নিকট আল্লাহকে স্মরণ করা হলে তাদের অন্তরসমূহ ভীত-সন্ত্রস্ত হয়ে যায়। আর তাদের নিকট তাঁর আয়াতসমূহ পাঠ করা হলে তা তাদের ঈমান বৃদ্ধি করে দেয় আর তারা নিজ প্রতিপালকের উপর ভরসা করে। (সূরা আল্ আনফালঃ২)

gnvb Avjvn Av‡iv e‡jbt

لَوْ أَنْزَلْنَا هَذَا الْقُرْآنَ عَلَى جَبَلٍ لَرَأَيْتَهُ خَاشِعاً مُتَصَدِّعاً مِنْ خَشْيَةِ اللَّهِ **(21)**[الحشر]

'আমি এই কুরআনকে যদি পাহাড়ের উপর নাযিল করতাম, তাহলে অবশ্যই তাকে দেখতে পেতে এই অবস্থায় যে, সে আল্লাহর ভয়ে ভীত ও বিদীর্ণ হয়ে গেছে।' (সূরা আল্ হাশরঃ২১)।

তারীখে বাগদাদ প্রণেতা (খত্বীব বাগদাদী) উল্লেখ করেছেন, আবু হানীফা পুরা একটি রাত কিয়াম করেছেন মহান আল্লাহর এই বাণীটি তেলাওয়াত করতে করতে-

بَلِ السَّاعَةُ مَوْعِدُهُمْ وَالسَّاعَةُ أَدْهَى وَأَمَرُّ **(46)**[القمر]

'বরং কিয়ামত হল তাদের প্রতিশ্রুত সময়। আর এই কিয়ামত হল ঘোরতর বিপদ ও তিক্ততর।' (সূরা আল্ ক্বামারঃ৪৬)।

এসব কারণেই এই উম্মতের উপর এই মহান ভিত্তি দৃঢ়ভাবে ধারণ করা এবং তার ফযীলত জানা, তার তেলাওয়াত করা এবং তা পরিত্যাগকৃত অবস্থায় ফেলে না রাখা কর্তব্য। উল্লেখ্য এই কিতাব দৃঢ়ভাবে ধারণ করার দাবী হিসাবে কিছু মহান বিষয়ের প্রতি ইঙ্গিত করা একান্তই যরূরী। এ বিষয়গুলোর অন্যতম হল এই আল কুরআন-কে মুখস্ত করা।

মহান আল্লাহ্ বলেনঃ

بَلْ هُوَ آيَاتٌ بَيِّنَاتٌ فِي صُدُورِ الَّذِينَ أُوتُوا الْعِلْمَ... **(49)**[العنكبوت]

'বরং যাদেরকে জ্ঞান দেওয়া হয়েছে, তাদের অন্তরে ইহা (কুরআন) তো স্পষ্ট আয়াত-নিদর্শন।' (সূরা আল্ আনকাবূতঃ৪৯)।

হাদীছে কুদসীতে এসেছে, যা রাসূল ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম-তাঁর প্রতিপালক থেকে বর্ণনা করেনঃ

(إِنَّمَا بَعَثْتُكَ لأَبْتَلِيَكَ وَأَبْتَلِيَ بِكَ وَأَنْزَلْتُ عَلَيْكَ كِتَابًا لاَ يَغْسِلُهُ الْمَاءُ تَقْرَؤُهُ نَائِمًا وَيَقْظَانَ)[رواه مسلم مطولاً، كتاب الجنة، باب الصفات التي يعرف بها في الدنيا أهل الجنة وأهل النار**(7136)**]

আমি তো আপনাকে প্রেরণ করেছি একমাত্র এজন্যই যে আপনাকে আমি পরীক্ষা করব এবং আপনার দ্বারা অন্যদেরকে পরীক্ষায় ফেলব। আপনার উপর এমন একটি গ্রন্থ নাযিল করেছি যা সাগরের পানি ধৌত করতে পারবে না। তা আপনি ঘুমিয়ে, জাগ্রত সর্বাবস্থায় পড়তে পারবেন।' (মুসলিম এর দীর্ঘ হাদীছের অংশ বিশেষ,জান্নাত অধ্যায়,হা/৭১৩৬)।

(ইমাম) নববী (রহ.) বলেনঃ 'অর্থাৎ এই কুরআন বক্ষে সংরক্ষিত, ইহা বিলুপ্ত হবার নয়। বরং যুগ পরম্পরায় (অপরিবর্তিত অবস্থায়) অবশিষ্ট থাকবে। (শারহু মুসলিম ১৯৫/১৭,জান্নাত অধ্যায়,৭১৭৬ নং হাদীছের ব্যাখ্যা দ্রষ্টব্য)।

GB KiAvb mg¯ gvb‡li Dci gL¯ Kiv mnRt

মহান আল্লাহ্ বলেনঃ

وَلَقَدْ يَسَّرْنَا الْقُرْآنَ لِلذِّكْرِ فَهَلْ مِنْ مُدَّكِرٍ **(17)**[القمر]

'আর আমি কুরআনকে উপদেশ গ্রহণের জন্য সহজ করে দিয়েছি, সুতরাং আছে কি কেউ উপদেশ গ্রহণকারী? (সূরা আল্ ক্বামারঃ১৭)

কুরতুবী আয়াতটির তাফসীরে বলেনঃ

অর্থাৎঃ আমি এই কুরআনকে মুখস্থ করার জন্য সহজ করে দিয়েছি, এবং যে তা মুখস্থ করতে চায় তাকে সহযোগিতা করেছি। সুতরাং আছে কি কেহ, যে এটা মুখস্থ করতে চায়? তাকে সে বিষয়ে সহযোগিতা করা হবে? (তাফসীরুল কুরতুবী ৮৭/১৭)।

KiAvb Kvixg gL¯ Kivi dhxjZt

1-KiAvb gL¯ Kivi gva¨‡g bex Qvjvjvû AvjvBwn Iqv mvjv‡gi AbmiY Kiv nqt

মহান আল্লাহ্ বলেনঃ

لقدكَانَ لَكُمْ فِي رَسُولِ اللَّهِ أُسْوَةٌ حَسَنَةٌ لِمَنْ كَانَ يَرْجُو اللَّهَ وَالْيَوْمَ الْآخِرَ وَذَكَرَ اللَّهَ كَثِيراً
(21)[الأحزاب]

'তোমাদের জন্য রাসূলুল্লাহর মধ্যে উত্তম আদর্শ রয়েছে, তাদের জন্য যারা আল্লাহ্ ও শেষ দিবসের আশা রাখে এবং আল্লাহকে অধিকহারে স্মরণ করে।' (সূরা আল্ আহযাবঃ২১)

কুরআন মুখস্থ করার মাধ্যমে নবীর অনুসরণ করা হয় এজন্যই যে রাসূল কুরআন মুখস্থ করতেন এবং জিবরীলের নিকট তা শুনাতেন। এবং তাঁর ছাহাবায়ে কেরাম ও রাসূলুল্লাহর কাছে কুরআন শুনাতেন। (বুখারী,হা/৬,মুসলিম,হা/৮০৩২)

2-KiAv‡bi aviK-evnKMY Avjvni Avcb Rbt

ইবনু মাজাহ্ আনাস এর সূত্রে নবী ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম থেকে সংকলন করেন, তিনি বলেনঃ

(إن لله أهلين من الناس قالوا يا رسول الله من هم ؟ قال هم أهل القرآن أهل الله وخاصته)[رواه ابن ماجة، المقدمة، باب فضل من تعلم القرآن وعلمه(16) حديث رقم (215) وصححه الألباني في صحيح ابن ماجة]

'নিশ্চয় মানুষের মধ্য থেকে আল্লাহর কিছু আপনজন রয়েছে। তাঁরা (ছাহাবায়ে কেরাম) বললেনঃ তারা কারা হে আল্লাহর রাসূল? তিনি বললেনঃ তারা হল কুরআনপন্থীরা। এরাই হল আল্লাহর আপন ও খাছ ব্যক্তিবর্গ। (ইবনু মাজাহ,ভূমিকা,হা/২১৫,হাদীছটিকে শাইখ আলবানী ছহীহ ইবনু মাজায় ছহীহ বলেছেন)

আবুদাউদ আবু মূসা আশ'আরীর সূত্রে নবী ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম থেকে বর্ণনা করেন, তিনি বলেনঃ

« إِنَّ مِنْ إِجْلاَلِ اللَّهِ إِكْرَامَ ذِى الشَّيْبَةِ الْمُسْلِمِ وَحَامِلِ الْقُرْآنِ غَيْرِ الْغَالِى فِيهِ وَالْجَافِى عَنْهُ وَإِكْرَامَ ذِى السُّلْطَانِ الْمُقْسِطِ ».[أخرجه أبو داود، كتاب الأدب، باب في تنزيل الناس منازلهم (23) حديث رقم (4843)، وقد حسنه الألباني-رحمه الله-في صحيح الجامع 2195].

'নিশ্চয় আল্লাহর প্রতি শ্রদ্ধা নিবেদনেরই অন্তর্ভুক্ত হল বয়োবৃদ্ধ মুসলিমকে সম্মান করা, কুরআনের এমন বাহককে সম্মান করা যে তাতে বাড়াবাড়ি কিংবা ত্রুটি-বিচ্যুতি করেনি। আর ন্যায়পরায়ণ শাসককে সম্মান করা।' (আবুদাউদ,আদব অধ্যায়, হা/৪৮৪৩, হাদীছটিকে শাইখ আলবানী হাসান বলেছেন। দ্রঃ ছহীহুল জামে' হা/২১৯৫)

3-KiAv‡bi nv‡dh Gi mv‡_ CIv †cvlY Kiv AwaK Dch³ I hw³ m½Zt

কুরআন ইলম ও মর্যাদার উৎস। মহান আল্লাহ্ বলেনঃ

انْظُرْ كَيْفَ فَضَّلْنَا بَعْضَهُمْ عَلَى بَعْضٍ وَلَلْآخِرَةُ أَكْبَرُ دَرَجَاتٍ وَأَكْبَرُ تَفْضِيلاً **(21)** [الإسراء]

ÔAvcwb †`Lb wKfv‡e Avwg Zv‡`i GKRb‡K Aci R‡bi Dci ghv`v `vb K‡iwQ| Avi Aek¨B Av‡LivZ n‡e ghv`v I dhxj‡Zi w`K †_‡K Avil eo I Avil gnvb| (সূরা আল্ ইসরাঃ২১)

কুরআন এর বাহককে আল্লাহ মর্যাদা দান করেছেন। এজন্যই নবী ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম থেকে বিশুদ্ধভাবে প্রমাণিত হয়েছে ইমরান রাঃ এর সূত্রে।

তিনি এরশাদ করেনঃ

(إِنَّ اللَّهَ يَرْفَعُ بِهَذَا الْكِتَابِ أَقْوَامًا وَيَضَعُ بِهِ آخَرِينَ)[رواه مسلم، كتاب صلاة المسافرين وقصرها، باب فضل من يقوم بالقرآن ويعلمه...، حديث رقم (269)]

নিশ্চয় আল্লাহ্ এই কিতাব-কুরআন দ্বারা কিছু লোককে মর্যাদা মন্ডিত করেন আবার কিছু লোককে এই কিতাব-কুরআন দিয়েই নীচু করে দেন। (মুসলিম, ছালাত অধ্যায়, হা/২৬৯)

এজন্যই কুরআনের বাহকের সাথে ঈর্ষা করা অধিক উপযুক্ত কারণ, আল্লাহ্ তাকে এই কুরআন এর মাধ্যমেই মর্যাদা মন্ডিত করেছেন। ইবনু উমার (রাঃ) থেকে বর্ণিত আছে, নবী (ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) বলেন:

لاَ حَسَدَ إِلاَّ فِي اثْنَتَيْنِ رَجُلٌ آتَاهُ اللَّهُ الْقُرْآنَ وَقَامَ بِهِ آنَاءَ اللَّيْلِ (وَآنَاءَ النَّهَارِ) وَرَجُلٌ آتَاهُ اللَّهُ مَالاً فَهُوَ يَتَصَدَّقُ بِهِ آنَاءَ اللَّيْلِ وَآنَاءَ النَّهَارِ ».

'একমাত্র দুইটি বিষয়ে তথা দুই ব্যক্তির সাথে ঈর্ষা পোষণ করা যায়। এমন ব্যক্তি যাকে আল্লাহ্ কুরআন দান করেছেন এবং সে তদানুযায়ী আমল করে রাতের এবং দিনের অংশে।

অপর বর্ণনায় এসেছে : সে উহার তেলাওয়াত করে রাতে এবং দিনের অংশে। আরেক জন ব্যক্তি হল, যাকে আল্লাহ্ সম্পদ দান করেছেন আর সে উক্ত সম্পদ রাত ও দিনে দান করে থাকে।

(বুখারী, ইলম অধ্যায়, হা/৭৩, মুসলিম, মুসাফিরদের ছালাত অধ্যায়। হা/২৬৬)

4-GB KiAvb gL¯ Kiv I †ZjvIqv‡Z i‡q‡Q gnv ci¯Kvi

মানুষ দেরহাম ও দীনার লাভে আনন্দিত হয়। আর কুরআনের হাফেজগণ ও উহার ধারক-বাহকগণ তার চেয়েও অধিক উত্তম ও অধিক স্থায়ী বস্তু হাছিল করে থাকেন। আবু হুরায়রা (রাঃ) হতে বর্ণিত, তিনি বলেন, রাসূলুল্লাহ ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেনঃ

(أَيُحِبُّ أَحَدُكُمْ إِذَا رَجَعَ إِلَى أَهْلِهِ أَنْ يَجِدَ فِيهِ ثَلاَثَ خَلِفَاتٍ عِظَامٍ سِمَانٍ ». قُلْنَا نَعَمْ. قَالَ « فَثَلاَثُ آيَاتٍ يَقْرَأُ بِهِنَّ أَحَدُكُمْ فِي صَلاَتِهِ خَيْرٌ لَهُ مِنْ ثَلاَثِ خَلِفَاتٍ عِظَامٍ سِمَانٍ)[رواه مسلم، كتاب صلاة المسافرين، باب فضل قراءة القرآن في الصلاة و تعلمه، حديث رقم (802)]

'তোমাদের কেউ কি চায় যে সে নিজ পরিবারে ফিরে যাওয়ার পর সেখানে তিনটি বড় বড় ও মোটা-তাজা উট পেয়ে যাবে? আমরা বললামঃ হ্যাঁ, আমরা তা চাই। তিনি বললেনঃ তোমাদের কারও নিজ ছালাতে তিনটি আয়াত পাঠ করা এর চেয়ে উত্তম। (মুসলিম, মুাফিরদের ছালাত অধ্যায়, হা/৮০২)

উক্ববাহ বিন আমের (রাঃ) থেকে বর্ণিত, তিনি বলেন, আমরা (মসজিদে নববীর) ছুফ্ফায়[৮] ছিলাম এমতাবস্থায় রাসূলুল্লাহ্ আমাদের নিকট বের হয়ে আসলেন এবং বললেনঃ

(أَيُّكُمْ يُحِبُّ أَنْ يَغْدُوَ كُلَّ يَوْمٍ إِلَى بُطْحَانَ أَوْ إِلَى الْعَقِيقِ فَيَأْتِيَ مِنْهُ بِنَاقَتَيْنِ كَوْمَاوَيْنِ فِي غَيْرِ إِثْمٍ وَلاَ قَطْعِ رَحِمٍ، فَقُلْنَا: يَا رَسُولَ اللَّهِ نُحِبُّ ذَلِكَ. قَالَ: أَفَلاَ يَغْدُو أَحَدُكُمْ إِلَى الْمَسْجِدِ فَيَعْلَمَ أَوْ يَقْرَأَ آيَتَيْنِ مِنْ كِتَابِ اللَّهِ عَزَّ وَجَلَّ خَيْرٌ لَهُ مِنْ نَاقَتَيْنِ، وَثَلاَثٌ خَيْرٌ لَهُ مِنْ ثَلاَثٍ، وَأَرْبَعٌ خَيْرٌ لَهُ مِنْ أَرْبَعٍ، وَمِنْ أَعْدَادِهِنَّ مِنَ الإِبِلِ [رواه مسلم، باب فضل قراءة القرآن...حديث رقم (803)]

তোমাদের কেউ এটা পছন্দ করে যে, সে প্রতি দিন সকালে বুতহান বা আক্বীক গিয়ে সেখান থেকে কোন প্রকার পাপ বা আত্মীয়তার সম্পর্ক কর্তন ছাড়াই দুটি মোটা তাজা উষ্ট্রী নিয়ে আসবে? আমরা বললাম, হে আল্লাহর রাসূল! আমরা তা পছন্দ করি। তিনি বললেন,

[8] মসজিদে নববীর একটি বিশেষ উঁচু জাগাকে 'ছুফ্ফা' বলা হয় যেখানে পরিবারহীন মিসকীন মুহাজির ছাহাবীগণ থাকতেন, তাঁরা আল্লাহর নবী ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম থেকে শিক্ষা লাভ করতেন এবং অন্যান্য ছাহাবীদের দান-ছাদকার উপর তাদের জীবিকা নির্ভর করত। জায়গাটি এখনও তুলনামূলক উঁচু করে রাখা হয়েছে-অনুবাদক।

তোমাদের মধ্য থেকে কেউ সকাল বেলা যেয়ে মহান আল্লাহর কিতাব -আল্ কুরআন থেকে দুটি আয়াত শিক্ষা করে বা করায় অথবা পাঠ করে না কেন? এটা তো তার জন্য দুটি উষ্ট্রী অপেক্ষা উত্তম, তিনটি আয়াত তিনটি উষ্ট্রী অপেক্ষা উত্তম। চারটি আয়াত চারটি উষ্ট্রী অপেক্ষা উত্তম। এভাবে কুরআনের আয়াত সংখ্যা উষ্ট্রী সংখ্যা অপেক্ষা উত্তম। (মুসলিম, অনুচ্ছেদঃ কুরআন তেলাওয়াত করার ফযীলত, হা/৮০৩)

জাবির (রাঃ) নবী ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম থেকে বর্ণনা করেন, তিনি বলেনঃ

(الْقُرْآنُ شَافِعٌ مُشَفَّعٌ، وَمَا حَلَّ مُصَدَّقٌ، فَمَنْ جَعَلَهُ إِمَامَهُ قَادَهُ إِلَى الْجَنَّةِ، وَمَنْ جَعَلَهُ خَلْفَهُ سَاقَهُ إِلَى النَّارِ")[رواه ابن حبان، وصححه الألباني-رحمه الله-في صحيح الجامع 4443]

'নিশ্চয় কুরআন হল এমন সুপারিশকারী, যার সুপারিশ গ্রহণযোগ্য। আর তা তার বিরোধীদের বিপক্ষে মত্যায়নকারী। সুতরাং যে তাকে নিজের সামনে রাখবে সে তাকে জান্নাতের দিকে পরিচালনা করবে। পক্ষান্তরে যে তাকে পিছে ফেলে রাখবে সে তাকে জাহান্নামের আগুনের দিকে হাঁকিয়ে নিয়ে যাবে।

(ইবনু হিব্বান, আলবানী রহিমাহুল্লাহ্ হাদীছটিকে ছহীহুল জামে' গ্রন্থে হা/ ৪৪৪৩-ছহীহ বলেছেন)।

Ave ûiwBiv iv. bex Qvjvjvû AvjvBwn Iqv mvjvg †_‡K eYbv K‡ib, wZwb e‡jbt

يَجِيءُ الْقُرْآنُ يَوْمَ الْقِيَامَةِ فَيَقُولُ: يَا رَبِّ حَلِّهِ، فَيُلْبَسُ تَاجَ الْكَرَامَةِ ثُمَّ يَقُولُ يَا رَبِّ زِدْهُ فَيُلْبَسُ حُلَّةَ الْكَرَامَةِ ثُمَّ يَقُولُ يَا رَبِّ ارْضَ عَنْهُ [فَيَرْضَى عَنْهُ] فَيُقَالُ لَهُ اقْرَأْ وَارْقَ وَتُزَادُ بِكُلِّ آيَةٍ حَسَنَةً)

[رواه الترمذي في كتاب فضل القرآن رقم (2915)، والدارمي، فضائل القرآن، رقم(3311)، وحسنه الألباني رحمه الله-في صحيح الجامع 8030]

'কিয়ামত দিবসে কুরআন উপস্থিত হয়ে বলবেঃ হে প্রতিপালক! তাকে (কুরআনের বাহককে) সুসজ্জিত করুন। তখন তাকে সম্মানের তাজ-মুকুট পরানো হবে। অতঃপর কুরআন বলবেঃ তাকে আরো বাড়িয়ে দিন তখন তাকে সম্মানের এক জোড়া কাপড় পরানো হবে। এরপর কুরআন বলবে, হে প্রতিপালক! আপনি তার উপর রাযী-খুশী হয়ে যান। তখন তিনি তার উপর রাযী-খুশী হয়ে যাবেন। পরে তাকে বলা হবে, তুমি পড় এবং উপর দিকে উঠে যাও এবং তোমাকে প্রত্যেকটি আয়াতের বিনিময় একটি করে নেকী বৃদ্ধি করে দেওয়া হবে।

(তিরমিযী,কুরআনের ফযীলত অধ্যায়,হা/২৯১৫,দারেমী,ফাযায়েলুল কুরআন অধ্যায়,হা/৩৩১১,হাদীছটিকে শাইখ আলবানী ছহীহুল জামে' গ্রন্থে,হা/৮০৩০-হাসান বলেছেন)।

Beb nvRvi nvqZvgx e‡jbt

উক্ত হাদীছটি ঐ ব্যক্তির সাথে খাছ যে কুরআন মুখস্থ করে। তার ক্ষেত্রে তা প্রযোজ্য নয়, যে কুরআন দেখে দেখে পড়ে। কারণ কুরআন দেখে পড়া পড়ার বিষয়টিতে মানুষ এক অপর থেকে ভিন্ন নয় এবং কম ও বেশীর দিক থেকে তাদেও মধ্যে কোন তফাত নেই। আর যে বিষয়ে তাদের মধ্যে তফাৎ রয়েছে তা হল অন্তর দিয়ে কুরআন মুখস্ত করার বিষয়টি। এর পর হায়তামী রহিমাহুল্লাহ্ বলেন, আর ফেরেশতাদের কথা, 'তুমি পড় এবং উপর দিকে উঠে যাও'-তাঁদের এই কথাটিই এই মর্মে সম্পূর্ণ স্পষ্ট যে ইহা দ্বারা অন্তর দিয়ে কুরআন মুখস্ত করাই উদ্দেশ্য করা হয়েছে।[9]।

ইবনু মাসউদ (রাঃ) থেকে বর্ণিত, তিনি বলেনঃ রাসূলুল্লাহ (ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেনঃ

---

[9] আল ফাতাওয়াল হাদীছিয়্যাহ। আমি বলছিঃ এই মাসআলায় আলেমদের মতবিরোধ রয়েছে। যে এ বিষয়ে আরো অধিক অবগত হতে চায় সে যারকাশী প্রণীত 'আল্ বুরহান ফী উলূমিল কুরআন ১/৪৬১, ইমাম নববীর 'আল্ আযকার' প্রভৃতির দিকে প্রত্যাবর্তন করুক।

(مَنْ قَرَأَ حَرْفًا مِنْ كِتَابِ اللهِ فَلَهُ بِهِ حَسَنَةٌ وَالْحَسَنَةُ بِعَشْرِ أَمْثَالِهَا، لَا أَقُولُ: الم حَرْفٌ وَلَكِنْ أَلِفٌ حَرْفٌ وَلَامٌ حَرْفٌ وَمِيمٌ حَرْفٌ)[رواه الترمذي، كتاب الفضائل برقم 2910، وصححه الألباني-رحمه الله في صحيح الجامع 6469]

যে ব্যক্তি আল্লাহর কিতাব হতে একটি অক্ষর পড়বে সে একটি নেকী পাবে, আর একটি নেকী তার দশগুণ হবে। আমি বলছি না যে (আলিফ লাম মিম) মিলে একটি হরফ হয়। বরং ‘আলিফ’ একটি হরফ, লাম একটি হরফ, মীম একটি হরফ। (তিরমিযী,ফাযায়েল অধ্যায়,হা/২৯১০,হাদীছটিকে শাইখ আলবানী ছহীহুল জামে’ গ্রন্থে ,হা/৬৪৬৯-ছহীহ বলেছেন।[১০]

mv‡eK Avmgvbx wKZve mg‡ni cwZ Cgvb -wekvm ¯^vcbt[11]

---

[10]যে এ বিষয়ে আরো অধিক অবগত হতে চায় সে যেন নববী রহিমাহুল্লাহ্ প্রণীত ‘আত্‌তিবয়ান ফী-আদাবি হামালাতিল কুরআন’এবং শাইখ মুহাম্মাদ দাবেশ হাফিযাহুল্লাহ্ প্রণীত ‘হিফযুল কুরআনিল কারীম’ নামক বই দু’খানা অধ্যায়ন করতে পারেন।

[11] Zv‡`i wKZve ¸wj `B fv‡M wef³ t

১-আল আহদুল ক্বাদীম-তথা পুরাতন যুগঃ

তারা-ইহুদীরা-দাবী করে থাকে যে এসব কিতাব ঈসার পূর্বে যারা নবী ছিলেন তাঁদের মাধ্যমে তাদের নিকট পৌঁছেছে। আর এই আহদে ক্বাদীম-তথা পুরাতন যুগ বলতে মূসা (আলাইহিস্ সালাম) এর পাঁচটি আসফার তথা ছহীফা গণ্য (সেগুলি হলঃ সিফরুত্ তাকভীন, সিফরুল খুরূজ, সিফরুল আদাদ, সিফরুল্ লাদিইয়ীন, সিফরুত্ তাছনিয়াহ্) এই পাঁচটি কিতাবের সমষ্টির নাম হল ‘তাওরাত’।

২-আল্ আহদুল জাদীদ-তথা নতুন যুগঃ

খৃষ্টানরা -দাবী করে থাকে এই কিতাব গুলি ইলহাম দ্বারা ‘মাসীহ ঈসা’ এর আকাশে উত্তোলনের পর তার রাসূল-তথা প্রতিনিধিদের মাধ্যমে লেখা হয়। আর এটা চারটি ইঞ্জিলকে শামিল করে থাকে (ইঞ্জিল গুলি হলঃ ইঞ্জিলে মাত্‌তা, ইঞ্জিলে লোক্বা, ইঞ্জিলে ইউহান্না, ইঞ্জিলে মরকোস)। ইঞ্জিলের অর্থ হলঃ সুসংবাদ দেওয়া, শিক্ষা দেওয়া।

এই চারটি ইঞ্জিল গীর্জা -তথা গীর্জার নেতৃস্থানীয়গণ সেকালীন উপস্থিত ৭০ টি ইঞ্জিলের মধ্য থেকে চয়ন করেছে। ইহা ছিল ঈসা আলাইহিস্ সালামকে আকাশে উঠিয়ে নেওয়ার অনেক অনেক দিন পরের ঘটনা। এই দুই আহদের কোন একটি সিফর-তথা কিতাবের অবিচ্ছিন্ন সূত্র পাওয়া যায় না।

এসব কিতাবাদির বিধানঃ

১-কুরআন কারীম ইহুদ ও খৃষ্টানদের কিতাব বিকৃতির দিকে ইঙ্গিত করেছে। এবং এই মর্মে ইঙ্গিত দিয়েছে যে তাদের কিতাবে উল্লেখিত হওয়া অনেক বিষয়কে তারা গোপন করে দিয়েছে। তদ্রূপ এ দিকেও ইঙ্গিত দিয়েছে যে তাদের মধ্য হতে কিছু লোক নিজে কিতাব লিখে মহান আল্লাহর দিকে সম্পর্কিত করত (বলতঃ ইহা আল্লাহর পক্ষ থেকে)। অনুরূপভাবে তাদের মধ্য থেকে আরও কিছু লোক এমন রয়েছে, যাদেরকে যা দ্বারা ওয়ায-উপদেশ দেওয়া হয়েছে তার বিশেষ একটি অংশ (দুনিয়ার মোহে পড়ে) ভুলে গেছে।

এসব কিতাবাদির বাস্তব অবস্থা এই মর্মে সাক্ষ্য দেয় যে, এই কিতাবগুলো বিকৃত করা হয়েছে। আমরা তাদের ‘আহদে ক্বাদীম’ ও ‘আহদে জাদীদ’ তথা পুরাতন ও নতুন যুগের কিতাবাদির বিকৃতির কিছু উদাহরণ পেশ করবঃ

ক) তাদের কিতাব সমূহে মতবিরোধ ও ভুল-ভ্রান্তি বিদ্যমান থাকাঃ যেমন উদাহরণ স্বরূপ বলা যায় যে সিফরুত্ তাকবীনের এ স্থানে এসেছে যে আল্লাহ্ নূহ (আলাইহিস্ সালাম) কে তাঁর নৌকায় প্রত্যেক জোড়া থেকে দুটি করে নিতে বলেছেন। অথচ আরেক স্থানে এসেছেঃ ‘তুমি তোমার সাথে সাতজন সাত জন করে নেবে’!

খ) ঐসব কিতাবাদির মধ্যে এমন এমন গুণ দ্বারা আল্লাহকে গুনান্বিত করা যার তাঁর শানে মোটেও প্রযোজ্য নয়ঃ

যেমনঃ (তাদের এসব কিতাবে পাওয়া যায়) ‘আল্লাহ্ আসমান-কে ছয় দিনে সৃষ্টি করার পর ষষ্ঠ দিনের দিন আরাম (বিরতি) করে ছিলেন’

যেমন উদাহরণ স্বরূপ বলা যায় ‘আদম কে ভালমন্দ পরিচয় এর বৃক্ষ থেকে খেতে নিষেধ করা হয়েছিল যাতে তিনি মৃত্যু বরণ না করেন। এবং তিনি তা ভক্ষণ করার পর লুকিয়ে গিয়ে ছিলেন ফলে আল্লাহ্ তাকে ডাকতে শুরূ করে ছিলেনঃ কোথায় তুমি?

1-Gme wKZvew`i msÁvt

এগুলি হল ঐসব কিতাব যা আল্লাহ্ তদীয় রাসূলদের উপর নাযিল করেছেন এই সৃষ্টিকূলের প্রতি দয়া স্বরূপ এবং তাদের হেদায়াত দানের উদ্দেশ্যে। এই সমস্ত কিতাবেরই অন্তভুর্ক্ত হল যা আল্লাহর রাসূল মূসা, ঈসা, দাঊদ, ইবরাহীম-আলাইহিমুস্ সালাম-প্রমুখের উপর নাযিল করা হয়েছে। কিতাব গুলি হলঃ ১-তাওরাত (যা মূসা নবীর উপর নাযিল হয়েছে) ২-ইঞ্জিল (যা ঈসা নবীর উপর নাযিল হয়েছে, ৩-যাবূর (যা দাঊদ নবীর উপর নাযিল হয়েছে) এবং 'ছুহুফ্'-ছহীফা (যা ইবরাহীম আলাইহিমুস্ সালাম এর উপর নাযিল হয়েছে)

গ- তাদের পক্ষ থেকে নবীদের প্রতি দোষারোপ তথা -কালিমা লেপন করাঃ

যেমন (এসব বাজে কথা বলা যে) লূত (আলাইহিস্ সালাম) এর দুই মেয়ে তাদের পিতার সাথে শয়ন করার সুযোগ গ্রহণ উপলক্ষে তাকে মদ্য পান করিয়ে ছিলেন।'

-হারূন (আলাইহিস্ সালাম) ই নাকি ঐবাছুরটি তৈরী করে ছিলেন।

-সুলাইমান (আলাইহিস্ সালাম) নাকি তাঁর জীবনের সমাপ্তি করে ছিলেন মূর্তি পূজার মাধ্যমে।

Zv‡`i Avn‡` Rv`x` Z_v bZb h‡Mi wKZvew`i weKwZt

-চারটি ইঞ্জিলের উপস্থিতি অথচ ঈসা (আলাইহিস্ সালাম) এর উপর নাযিল কৃত ইঞ্জিল হল মাত্র একটি।

-৭০টি ইঞ্জিলের মধ্য হতে চারটি ইঞ্জিল চয়ন করা। অথচ এসব ইঞ্জিল মাসীহ (আলাইহিস্ সালাম) লিখে যাননি। এবং এমর্মে তাকে অহিও করা হয়নি। বরং এসবকটি ইঞ্জিলই ঈসা (আলাইহিস্ সালাম) এর পরবর্তীতে লিখিত হয়েছে। এর মধ্যে এমন কিছু কথা পাওয়া যায় যার মিথ্যা ও বিকৃত হওয়ার বিষয়টি সুনিশ্চিতভাবেই বলা যায়, কারণ তা কুরআনের সাথে সাংঘর্ষিক। যেমন মাসীহ (আঃ) কে শূলে চড়ানো ও তাঁর মৃত্যু বরণ করার বিষয়টি (এটি সম্পূর্ণরূপে কুরআন বিরোধী। আল কুরআনে ঈসা এর শূলে চড়ানো এবং মৃত্যু বরণ করার বিষয়টি কঠিনভাবে নাকচ করা হয়েছে)।

-তাদের কিতাবাদি ইতিহাস বিকৃতি,সংযোজন,বিয়োজন প্রভৃতি দ্বারা ভরপুর। এগুলো সবই তাদের হাতের কারসাজি। এভাবেই মাসীহ (আলাইহিস্ সালাম) এর রেখে যাওয়া ধর্ম আজ দার্শনিক ও মূর্তি পূজারীদের ধর্মের সমষ্টিতে পরিণত হয়েছে। তারা জাতিকে মূর্তি পূজা থেকে ফটো পূজার দিকে স্থানান্ত রিত করেছে। এরপর হালাল করে নিয়েছে শুকর ভক্ষণ করা, শনিবারকেও তারা হালাল করে নিয়েছে। আর খৃষ্টীয় বড় বড় প্রতিষ্ঠান খৃষ্টানদের ধর্ম নিয়ে খেল-তামাশায় মত্ত হয়েছে। যেমনঃ তাদের পক্ষ থেকে ঈসা (আলাইহিস্ সালাম) কে ইলাহ-উপাস্য সাব্যস্ত করণ, এবং তাদের মতের বিরোধী অন্যান্য কিতাবাদি পুড়িয়ে ফেলা স্ববিশেষ উল্লেখ যোগ্য।

-তাদের কিতবাদিতে নবী মুহাম্মাদ (ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) এর আবির্ভাবের সুসংবাদের উপস্থিতি। যেমনঃ

(أقيم لهم نبياً من وسط إخوتهم مثلك)

'আমি তাদের জন্য নবী দাঁড় করব তাদের ভাইদের মধ্য হতেই তোমার ন্যায়'

-প্রতিপালক সায়না পর্বত থেকে এসেছেন, সাঈর থেকে আমাদের জন্য দৃষ্ট হয়েছেন, আর ফারান এর পর্বত থেকে উপরে উঠেছেন।' ফারানঃ অর্থ মক্কা।

এ বিষয়ে আরো অধিক জানার জন্য দেখুনঃ ইবনু তায়মিয়াহ্ প্রণীত 'মাজমূল ফাতাওয়া'১৩/১০৪,(হাফেয ইবনু হাজার প্রণীত) 'ফাতহুলবারী' ১৩/৫২২, ইবনু হাযাম প্রণীত 'আল্ ফিছাল' ১/২০১,২/২৭, এবং ইবনু তায়মিয়া প্রণীত 'আল্ জাওয়াবুছ্ ছহীহ লিমান্ বাদ্দালা দ্বীনাল মাসীহ্২/৩৯৭,৪২০,৩/৯)।

2-Gme Avmgvbx wKZvew`i Dci Cgvb Avbvi weavbt

এগুলি কিতাবের উপর ঈমান-বিশ্বাস স্থাপন করা ঈমানের অন্যতম রুকন। ইহা ব্যতীত কোন মানুষের ঈমান বিশুদ্ধ হবে না।

অতএব,অবশ্যই এই মর্মে দৃঢ় বিশ্বাস রাখতেই হবে যে মহান আল্লাহ্ কিছু কিতাব নাযিল করেছেন তাঁর রাসূলদের নিকটে সুস্পষ্ট হক সহকারে এবং সুউজ্জল আদর্শের সাথে। এবং আরও বিশ্বাস রাখতে হবে যে, উহা মহান আল্লাহর বাণী সেটাই যা তিনি বাস্তবেই বলেছেন। মহান আল্লাহ্ বলেনঃ

(قُولُوا آمَنَّا بِاللَّهِ وَمَا أُنْزِلَ إِلَيْنَا وَمَا أُنْزِلَ إِلَى إِبْرَاهِيمَ وَإِسْمَاعِيلَ وَإِسْحَاقَ وَيَعْقُوبَ وَالْأَسْبَاطِ وَمَا أُوتِيَ مُوسَى وَعِيسَى...)[البقرة:136]

তোমরা বল,আমরা ঈমান এনেছি আল্লাহর উপর এবং যা নাযিল হয়েছে আমাদের প্রতি এবং যা নাযিল হয়েছে ইবরাহীম, ইসমাঈল, ইসহাক্ব, ইয়াকূব এবং তদীয় বংশধরদের প্রতি এবং মূসা ও ঈসাকে যা দান করা হয়েছে... তৎসমূদয়ের উপর (আল্ বাক্বারাহঃ১৩৬)

মহান আল্লাহ্ আরো বলেনঃ

(وَلَكِنَّ الْبِرَّ مَنْ آمَنَ بِاللَّهِ وَالْيَوْمِ الْآخِرِ وَالْمَلائِكَةِ)[البقرة:177]

বরং বড় সৎ কাজ হল, যে ঈমান এনেছে আল্লাহর উপর, শেষ দিবসের উপর এবং ফেরেশতাদের উপর। (সূরা আল্ বাক্বারাহঃ ১৭৭)

3-gmwjg e¨w³ Dci IqwRe nj GB wekvm Kiv †h GB wKZve¸‡jv gvbmL Z_v iwnZ n‡q †M‡Q|

কারণ, মহান বলেনঃ

(وَأَنْزَلْنَا إِلَيْكَ الْكِتَابَ بِالْحَقِّ مُصَدِّقاً لِمَا بَيْنَ يَدَيْهِ مِنَ الْكِتَابِ وَمُهَيْمِناً عَلَيْهِ)[المائدة:48].

আমি আপনার প্রতি অবতীর্ণ করেছি সত্যগ্রন্থ, যা পূর্ববর্তী গ্রন্থসমূহের সত্যায়নকারী এবং সেগুলোর বিষয় বস্তুর রক্ষণাবেক্ষণকারী। (সূরা আল্ মায়িদাহ্ঃ ৪৮)

অর্থঃ এই কিতাব পূর্বের সকল আসমানী কিতাবসমূহের উপর ফায়ছালাদানকরী। তার উচিত এই বিশ্বাস করা যে, বিদ্যমান পূর্বের আসমানী কিতাবগুলো বিকৃত, পরিবর্তিত হয়েছে। এবং এসব কিতাবের অনুসারীগণ তথা ইহুদী ও খৃষ্টানগণ এই কিতাবগুলির বিনিময়ে অল্প-তুচ্ছ মূল্য গ্রহণ করে এগুলোর মৌলিকত্ব নষ্ট করে ফেলেছে। সুতরাং তারা কতই না মন্দ বিষয় খরিদ করেছে! এসব কিতাবের মাঝে বিকৃতি ঘটার নিদর্শন ও প্রমাণ অসংখ্য। তার থেকে নিম্নে কিছু পরিবেশিত হলঃ

১-এই সমস্ত কিতাবাদিতে এমন এমন বিষয় সন্নিবেশিত আছে যা দ্বারা না আল্লাহ্ না তাঁর নবী, না তাঁর অলীগণকে গুনান্বিত করা জায়েয।

২-এসব কিতাবাদিও সনদ বিচ্ছিন্ন-কর্তিত বরং এগুলোর সনদই নেই।

৩-এগুলো কিতাব অনুবাদক, ঐতিহাসিক ও তাফসীরকারকদের কথার সাথে সংমিশ্রিত হয়ে গেছে।

৪-এসব কিতাবাদির সংবাদ ও বিধি-বিধান প্রভৃতি প্রকাশ্যভাবে স্ববিরোধী যা দ্বারা নিশ্চিতভাবেই বলা যায় যে, এগুলো কিতাব বর্তমান অবস্থায়-আল্লাহর পক্ষ থেকে (নাযিলকৃত) নয়। আর তাদের কিতাবে যা সত্যের অনুকূল এবং বিকৃতি ঘটানো থেকে নিরাপদ রয়েছে সেটিও মহান কুরআন দ্বারা মানসূখ-রহিত হয়ে গেছে।

wØZxqZt Zvdmxi

তাফসীর এর আভিধানিক অর্থঃ হল খুলে দেওয়া, উজ্জল করে তোলা।

পরিভাষায়ঃ

(علم يفهم به كتاب الله –عز وجلَّ-المنزل على نبيه-صلى الله عليه وسلم-، وبيـان معانيـه، واسـتخراج أحكامه وحكمه).

তাফসীর এমন এক ইলমকে বলে, যা দ্বারা মহান আল্লাহর কিতাবকে বুঝা যায় -যা তাঁর নবী ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর প্রতি নাযিল করা হয়েছে। এবং তার অর্থ বর্ণনা করা, তার বিধি-বিধান ও রহস্য উদঘাটন করা হয়।

Bj‡g Zvdmx‡ii ¸i"Zt

নিশ্চয় আল্লাহ্ এই সৃষ্টিকূলকে কুরআন দ্বারা তাঁর ইবাদত করতে বলেছে। কুরআনে শামিল রয়েছে এমন এমন আক্বীদাহ্-বিশ্বাস, বিধি-বিধান এবং আদব-আখলাক যার অধিকাংশই ইলমে তাফসীর ভিন্ন অন্য কোন পথে জ্ঞান লাভ করা সম্ভব নয় আর তার কারণ নিম্নরূপঃ

১-কুরআন ভাষা অলংকারের সর্বশীর্ষে উন্নীত। তা বহুবিধ অর্থকে অল্প শব্দে একত্রিত করে। আর এবিষয়টি আল্ কুরআনের সংক্ষিপ্তকে বিস্তারিত এবং দুর্বোধ্যকে খুলে বলার প্রয়োজন।

২-কুরআন অনেক সময় প্রকাশ্য অর্থ ছাড়াও আরো বিভিন্ন বিষয় উদ্দেশ্য সম্বলিত হয়, যা খুলে বলে দেয় এমন বিদ্যার মুখাপেক্ষী।

